



ফের সুপ্রিম কোর্টে ক্যাভিয়েট দাখিল করলেন শুভেন্দু অধিকারী। ক্যাভিয়েট দাখিল করার অর্থ, সুপ্রিম কোর্টকে শুভেন্দু অধিকারীর বক্তব্যও শুনতে হবে। ...বিস্তারিত পাতা ৩



দীর্ঘদিন বেপাতা থাকার পর অবশেষে গ্রেফতার ভাদু শেখ খুনের ঘটনার মূল অভিযুক্ত নিউটন শেখ। তাকে আগ্নেয়াস্ত্র সহ গ্রেফতার করল পুলিশ। ...বিস্তারিত পাতা ৫



আপ প্রধান অরবিন্দ কেজরিওয়াল কংগ্রেসের ওপর চাপ বাড়িয়ে রাজস্থান এবং মধ্যপ্রদেশের আসন্ন বিধানসভা ভোটের লড়ার ঘোষণার পরেই প্রত্যাঘাত কংগ্রেসের। ...বিস্তারিত পাতা ৬



বিয়াল্লিশেও আঙুন রয়েছে। রয়েছে খিদে। এ বারের আইপিএলে প্রমাণ করেছেন। মহেন্দ্র সিং খোনি সদ্য শেষ হওয়া আইপিএলে সবচেয়ে চর্চিত ক্রিকেটার ছিলেন। ...বিস্তারিত পাতা ৮

কমিশনে অভিযোগ, কী ব্যবস্থা নিলেন কমিশনার? রিপোর্ট তলব হাইকোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুনঃ ভাঙড় নিয়ে হাইকোর্টের প্রশ্নের মুখে পড়ার পর এবার ক্যানিনি। ভাঙড়ে আইএসএফ প্রার্থীদের মনোনয়ন বাতিল নিয়ে বৃহস্পতিবারই বিচারপতি অমৃতা সিনহার প্রশ্নের মুখে পড়ে কমিশন। এরপর ফের ক্যানিং-১ ব্লকে বিরোধীদের মনোনয়ন দিতে না পারা নিয়ে প্রশ্ন আদালতের। এই মামলাও বিচারপতি অমৃতা সিনহার এজলাসেই চলছে। ক্যানিং-১ ব্লক নিয়ে আদালতের দ্বারস্থ হয়েছিল বিজেপি। ২৭৪টি আসনে মনোনয়ন পেশ করতে পারেনি বিরোধীরা বলে অভিযোগ তুলে আদালতের দৃষ্টি আকর্ষণ করে তারা। সেই মামলার শুনানিপর্বে বিষয় প্রকাশ বিচারপতি। ২৭৪টি আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ের ঘটনায় বিষয় প্রকাশ করেন বিচারপতি। মামলাকারীকে বাধা দেওয়ার অভিযোগ উঠেছিল এই মামলায়। আদালত বলে, গণতান্ত্রিক দেশে কোনও নাগরিককে বাধা দেওয়া যায় না। কোর্ট জানতে চায়, ১৫ জুন নির্বাচন কমিশনকে অভিযোগ জানিয়েছিলেন মামলাকারী। তারপর কমিশন কী ব্যবস্থা নিয়েছে জানাক। পুলিশ কী করছিল? শুনানিপর্বে নির্বাচন কমিশনের অধিজীবী বলেন, “ওরা এত দিন পর আদালতে কেন?” পাঠ্য বিচারপতি বলেন, “কী করে আসবে?” ২০ জুন এই আদালত নির্দেশ দিয়েছে, অন্য মামলাকারী সিরাজুল ইসলামের আবেদনে। জেলা পুলিশ সুপারকে নির্দেশ দেওয়া হয়েছে সিরাজুলকে নিরাপত্তা দিয়ে বাড়ি ফেরাতে। মামলাকারীর বাড়ির সামনে সশস্ত্র বাহিনী রাখতে। সেখানে কী করে এই মামলার আবেদনকারী আদালতে আসবেন, প্রশ্ন করেন বিচারপতি। ক্যানিং-১ ব্লকে ২৭৪টি আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় তৃণমূলের প্রার্থীরা জয়ী হন। যা নিয়ে আদালতে মামলা হয়। মামলাকারী নির্বাচন কমিশনে যে অভিযোগ করছেন, তা নিয়ে রাজ্য এবং কমিশন কী ব্যবস্থা নিয়েছে সেই রিপোর্ট তলব করলেন বিচারপতি অমৃতা সিনহা। শুক্রবার বেলা ২টায় ফের এই মামলার শুনানি।

‘পদত্যাগ করছেন?’, উত্তর দিলেন রাজীব সিনহা

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুনঃ তাঁর জয়েনিং রিপোর্ট ফিরিয়ে নিচ্ছেন রাজ্যপাল সি ডি আনন্দ বোস। তাহলে কি তিনি রাজ্য নির্বাচন কমিশনারের পদ থেকে ইস্তফা দিচ্ছেন? এই প্রশ্নের উত্তর দিয়েই বুধবার রাত থেকে তুমুল শোরগোল রাজ্য রাজনীতিতে। অবশেষে মিললও সেই উত্তর। কী বললেন রাজীব সিনহা? নির্বাচন কমিশনার পদে রাজীব সিনহার জয়েনিং রিপোর্ট ফেরত পাটিয়ে দিয়েছেন রাজ্যপাল সি ডি আনন্দ বোস। বুধবার রাজভবনের পক্ষ থেকেই বিবৃতি দিয়ে রাজ্যপালের এই পদক্ষেপের কথা জানানো হয়। এর ফলে নির্বাচন কমিশনার হিসেবে রাজীব সিনহা আদৌ কাজ চালিয়ে নিয়ে যেতে পারবেন কি না, তা নিয়েই একরকম আইনি জটিলতা তৈরি হয়। এদিন কমিশনের অফিস চোকার আগে এ নিয়ে রাজীব সিনহাকে প্রশ্ন করেন সংবাদমাধ্যমের প্রতিনিধিরা। রাজীবের উদ্দেশ্যে প্রশ্ন করা হয়, তিনি কি তবে পদত্যাগ করছেন? উত্তরে তিনি বলেন, “এমন কোনও তথ্য পাইনি।” ঘটনাতো, বুধবারই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে মামলার রায় দিতে গিয়ে নির্বাচন কমিশনার হিসাবে রাজীব সিনহার ভূমিকা সম্পর্কে একরকম ক্ষোভপ্রকাশ করেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞান। প্রধান বিচারপতি বলেন, “যদি কমিশনার মনে করেন তিন হাইকোর্টের নির্দেশ কার্যকর করতে পারছেন না, তা হলে পদ থেকে সরে যান।”

হোয়াইট হাউসে মোদি ও বাইডেন দুই রাষ্ট্রনেতার মধ্যে বিশেষ উপহার বিনিময়

ওয়াশিংটন, ২২ জুনঃ অতিথি দেব ভব- এই মঞ্চেই বিশ্বাসী ভারতীয়রা। অতিথিদের যেমন ঈশ্বরের সমতুল্য মনে করা হয় ভারতীয় সংস্কৃতিতে, তেমনই আবার খালি হাতেও কারোর বাড়িতে যাওয়া হয় না। প্রধানমন্ত্রী মোদিও সেই রীতি বজায় রাখলেন। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের আমন্ত্রণেই সে দেশের সফরে গিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তবে খালি হাতে নয়, বুলি ভর্তি করে নিয়ে গিয়েছেন এক গুচ্ছ উপহার। তাতে প্রেসিডেন্ট জো বাইডেনের পছন্দসই উপহার যেমন রয়েছে, তেমনই আবার ভারতীয় সংস্কৃতিকে তুলে ধরে, এমন নানান উপহারও রয়েছে। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মধ্যে গাঢ় বন্ধুত্বের সম্পর্ক। বন্ধুর পছন্দের কথাও জানেন প্রধানমন্ত্রী মোদি। সেই কারণেই প্রেসিডেন্ট বাইডেনকে উপহার দিলেন দ্য টেন প্রিন্সিপাল উপনিষদ। তবে এই উপহারের পিছনেও রয়েছে কাহিনি। প্রেসিডেন্ট জো বাইডেন প্রায় সময়ই উল্লেখ করেছেন, তিনি আইরিশ কবি উইলিয়াম বাটলার ইটসের ভক্ত। নিজের বক্তব্যেও মাঝে-মধ্যেই ইটসের কবিতার লাইন উদ্ধৃত করেছেন তিনি। আইরিশ কবি আবার ভারতীয় সংস্কৃতি ও আধ্যাত্মিকতায় ব্যাপক প্রভাবিত ছিলেন। বিশুবকি রবীন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে তাঁর বন্ধুত্বও সর্বজনবিদিত। এই আইরিশ কবির হাত ধরেই পশ্চিমী দুনিয়ায় জনপ্রিয়তা অর্জন করেছিল রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা গীতাঞ্জলী। ১৯৩৭ সালে ইটস ভারতীয় উপনিষদের ইংরেজি সংস্করণ প্রকাশ করেন শ্রী পুরোহিত স্বামীর সাহায্য নিয়ে। এটিকে ইটসের শেষ কাজ বলেই মনে করা হয়। দ্য টেন প্রিন্সিপাল উপনিষদ নামক ওই বইয়ের প্রথম সংস্করণই মার্কিন



প্রেসিডেন্ট জো বাইডেনকে উপহার দিলেন। এছাড়াও প্রধানমন্ত্রী মোদি প্রেসিডেন্ট বাইডেনকে একটি বিশেষ চন্দন কাঠের বাজ্র উপহার দিয়েছেন। রাজস্থানের জয়পুরে এই বাজ্র তৈরি করা হয়েছে। চন্দন কাঠ আনানো হয়েছে কন্যাটিকের মহিসোর থেকে। ওই বাজ্রের উপর ফুটিয়ে তোলা হয়েছে প্রকৃতির নানা চিত্র। ওই বাজ্রে রয়েছে রূপার গণেশের একটি মূর্তি। এই মূর্তি আবার তৈরি করেছেন কলকাতার স্বর্ণকার পরিবার, যারা পাঁচ প্রজন্ম জুড়ে এই কাজ করছেন। চন্দন কাঠের বাজ্রের পাশাপাশি উপহার দেওয়া হয়েছে রূপার একটি প্রদীপও। এই প্রদীপও কলকাতার ওই গহনা প্রস্তুতকারকের কাছ থেকে তৈরি করা হয়েছে। প্রেসিডেন্ট বাইডেনকে উপহার দেওয়া হয়েছে একটি তাম্র পাত্র বা পিতলের প্লেট। উত্তর প্রদেশ থেকে আনানো এই তাম্র পাত্রে লেখা রয়েছে শ্লোক। প্রধানমন্ত্রী মোদি টুইট করে জানান, ‘হোয়াইট হাউসে আমাকে আমন্ত্রণ জানানোর জন্য আমেরিকার রাষ্ট্রপতি জো বাইডেন এবং ফার্স্ট লেডি জিল বাইডেনকে ধন্যবাদ জানাই। আমরা বেশ কয়েকটি বিষয়ে দুর্দান্ত আলোচনা করেছি।’ হোয়াইট হাউসের পক্ষ থেকে জানানো হয়, আনুষ্ঠানিক উপহার হিসাবে, মার্কিন রাষ্ট্রপতি জো বাইডেন এবং ফার্স্ট লেডি জিল বাইডেন প্রধানমন্ত্রী মোদিকে বিংশ শতাব্দীর গোড়ার দিকে একটি হস্তনির্মিত, অ্যান্টিক আমেরিকান বই গ্যালি উপহার দেন। রাষ্ট্রপতি বাইডেন প্রধানমন্ত্রী মোদিকে একটি ডিনেটেজ আমেরিকান ক্যামেরাও উপহার দেন। জিল বাইডেন প্রধানমন্ত্রী মোদিকে ‘রবার্ট ফ্রস্টের সংগৃহীত কবিতা’-এর একটি স্বাক্ষরিত, প্রথম সংস্করণের অনুলিপি উপহার দেন।

পঞ্চায়েত নির্বাচনের জন্য ৮২২ কোম্পানি বাহিনী চাইল নির্বাচন কমিশন

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুনঃ ২২ কোম্পানি থেকে একদাক্ষায় বাড়িয়ে ৮২২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী চাইল রাজ্য নির্বাচন কমিশন। প্রথমে শীর্ষ আদালতের নির্দেশের পর ২২ কোম্পানি বাহিনী মোতায়েন করার জন্য কেন্দ্রের কাছে আবেদন জানিয়েছিল কমিশন। সূত্রের খবর, বৃহস্পতিবারই পঞ্চায়েত নির্বাচনের জন্য আরও ৮০০ কোম্পানি বাহিনী চাওয়া হয়েছে। বুধবার কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছিল, কেন্দ্রীয় বাহিনীর সংখ্যা বাড়তে হবে। এরপরই নড়েচড়ে বসে কমিশন। ২০১৩ সালে পঞ্চায়েত নির্বাচনে ৮২৫ কোম্পানি বাহিনী মোতায়েন করা হয়েছিল পঞ্চায়েত নির্বাচনে। আদালতের নির্দেশ ছিল, এবার যেন ২০১৩-র থেকে বাহিনী কম না হয়। মাত্র ২২ কোম্পানি বাহিনী চাওয়ায় হাইকোর্টে রীতিমতো ভর্ৎসনার মুখে পড়তে হয় নির্বাচন কমিশন তথা কমিশনারকে। প্রধান



বিচারপতি টি এস শিবজ্ঞান বলেছিলেন, “চাপ রাখতে না পারলে ছেড়ে দিনা” শুধু তাই নয়, ২২টি জেলার ভোটে জন্য যে ২২ কোম্পানি বা ১৭০০ জওয়ান পর্যাপ্ত নয়, সে কথাও উল্লেখ করেছিলেন প্রধান বিচারপতি। একদিনে নির্বাচন সামাল দেওয়া কঠিন হয়ে যাবে বলেও মন্তব্য করেছিলেন তিনি। অধিক বাহিনী চাইতে ২৪ ঘণ্টা সময় বেঁধে দেওয়া হয়েছিল হাইকোর্টের তরফে। সেই সময় শেষ হওয়ার আগেই আরও ৮০০ কোম্পানি বাহিনী চাইল কমিশন। ওয়াকিবহাল মহলের মতে, আদালতের নির্দেশের পর অধিক বাহিনী চাওয়া ছাড়া আর কোনও উপায় ছিল না কমিশনের কাছে। প্রথম থেকেই রাজ্য পুলিশের ওপর আস্থা রাখার কথা বলেছিলেন নির্বাচন কমিশনার রাজীব সিনহা। তবে মামলা হলে কলকাতা হাইকোর্ট কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের নির্দেশ দেয়। সেই নির্দেশকে চালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যায় কমিশন। সেখানেও হাইকোর্টের নির্দেশই বহাল থাকে। এরপর গত মঙ্গলবার ২২ কোম্পানি বাহিনী চেয়ে আবেদন জানানো হয় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে। বাহিনী পাঠানোর কথা জানিয়েও দেয় স্বরাষ্ট্র মন্ত্রক। এরপরই প্রশ্ন ওঠে মাত্র ২২ কোম্পানি বাহিনী মোতায়েন করে আদৌ সৃষ্টি নির্বাচন সম্ভব কি না। এবার সেই সংখ্যা বাড়াল কমিশন।

‘সিস্টেম মেনে নিয়োগ হয়েছে, উপর থেকে চাপ দেওয়া হয়নি’

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুনঃ ভোটের মুখে ফের রাজ্য-রাজ্যপাল সংঘাতের আবহ। রাজ্য নির্বাচন কমিশনার পদে রাজীব সিনহার জয়েনিং রিপোর্ট রাজ্যপাল সি ডি আনন্দ বোস ফেরত পাঠিয়েছেন বলে গুঞ্জন ছড়িয়েছে। সেই নিয়ে এবার মুখ খুললেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার সাফ বক্তব্য, এই বিষয়ে রাজ্য সরকারের কাছে কোনও তথ্য নেই। আজ বিকেলে পটনায় যাওয়ার আগে কলকাতা বিমানবন্দরে মুখ্যমন্ত্রীকে রাজীব সিনহার জয়েনিং রিপোর্টের বিষয়ে প্রশ্ন করা হয়েছিল। সাংবাদিকের প্রশ্নে মমতার সটান প্রশ্ন, “কোথায় ফাইল? আপনার পকেটে আছে? আমাদের কাছে এমন কোনও তথ্য নেই।” মুখ্যমন্ত্রীর দাবি, এমন কোনও ঘটনা অতীতে কখনও হয়নি। এমন কিছু হওয়া নজিরবিহীন বলেই মনে করছেন তিনি। মমতার দাবি, রাজ্যপাল ফাইল পাশ করেছিলেন। উপর থেকে চাপিয়ে দেওয়ার মতো কোনও ঘটনা ঘটেনি বলেই দাবি মুখ্যমন্ত্রীর। মমতার কথায়, রাজ্য নির্বাচন কমিশনার নিয়োগের ক্ষেত্রে যাবতীয় প্রক্রিয়া ‘সিস্টেম অনুযায়ী’ হয়েছে। তাঁর সাফ কথা, নির্বাচন কমিশনারকে দায়িত্ব থেকে সরাতে হলে, বিচারপতিদের যেমন ইমপিচমেন্টের পদ্ধতি রয়েছে, সেই ইমপিচমেন্ট পদ্ধতিতে কমিশনারকে সরাতে হবে। পটনা যাওয়ার পুলিশের কর্মদক্ষতা মনে করিয়ে দিয়ে বললেন, “একসময় কলকাতা পুলিশকে স্ট্যান্ডার্ড পুলিশের সঙ্গে তুলনা করা হত।” এরপরই বাংলার পঞ্চায়েত ভোটে কেন্দ্রীয় বাহিনী নিয়ে বিরোধীদের আক্রমণের জবাব দিলেন মমতা। মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমোর দাবি, কেন্দ্রীয় বাহিনী যথি খুশি পাঠাক। তাতে

রাজীবের পাশে মমতা



বক্তব্য স্বাভাবিকভাবেই যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছে ওয়াকিবহাল মহল। এদিন রাজ্য পুলিশকেও দরজা সার্টিফিকেট দিলেন মমতা। মুখ্যমন্ত্রীর কথায়, রাজ্যের পুলিশ যথেষ্ট ‘স্মার্ট’। কেউ যেন বাংলাকে ‘স্মার্টনেস’ দেখাতে না আসে’, সেই হুঁশিয়ারি দিয়ে রাখেন মমতা। মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য, রাজ্যের পুলিশ অফিসাররা অন্য যে কোনও পুলিশের মতোই সমান গুরুত্বপূর্ণ। বাংলার পুলিশের কর্মদক্ষতা মনে করিয়ে দিয়ে বললেন, “একসময় কলকাতা পুলিশকে স্ট্যান্ডার্ড পুলিশের সঙ্গে তুলনা করা হত।” এরপরই বাংলার পঞ্চায়েত ভোটে কেন্দ্রীয় বাহিনী নিয়ে বিরোধীদের আক্রমণের জবাব দিলেন মমতা। মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমোর দাবি, কেন্দ্রীয় বাহিনী যথি খুশি পাঠাক। তাতে

শাসক শিবিরের কোনও সমস্যা নেই। বললেন, “যত পারে, তত দিক।” তাঁর মতে, যারা ভোট দেওয়ার, তারা ঠিকই ভোট দেনো। বাংলায় পঞ্চায়েত ভোটের নির্ণয় যথেষ্ট হতেই অশান্তির অভিযোগ উঠে এসেছে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে। বিরোধীদের যাবতীয় আক্রমণের মুখে, মমতা আগেও একবার দাবি করেছিলেন, মনোনয়ন মোটের উপর শান্তিপূর্ণই হয়েছে। প্রশ্ন করেছিলেন, এমন শান্তিপূর্ণ মনোনয়ন দেশে কোথাও কেউ দেখেছে কি না। আর আজ আবারও মমতার মুখে সেই একই কথা। বললেন, “এত শান্তির মধ্যে মনোনয়ন জীবনে কখনও হয়নি।” এই প্রসঙ্গে ত্রিপুরার নির্বাচনী পরিস্থিতির কথাও তুলে ধরেন মমতা। তাঁর দাবি, ত্রিপুরায় ৯৬ শতাংশ

আসনে ভোটই হয় না, সেসব জায়গায় প্রতিদ্বন্দ্বিতাই করতে দেওয়া হয় না। ত্রিপুরার অবস্থার সঙ্গে বাংলার তুলনা টেনে বললেন, এ রাজ্যে ২ লাখ ৩৬ হাজার মনোনয়ন জমা হয়েছে। কেন্দ্রীয় বাহিনী বনাম রাজ্য পুলিশ-এই তর্ক-বিতর্ক আপাতত বাংলার ভোট ময়দানে হটকেকের মতো বিকেছে। আর এসবের মধ্যেই মমতার দাবি, ৭১ হাজার বুথের মধ্যে মাত্র চারটি বুথে গণ্ডগোল হয়েছে। তার মধ্যে আবার একটি বুথে শাসক দলেরই দু’জন ‘খুন’ হয়েছে। বললেন, “এই নিয়েই কেন্দ্রের এ টু জেড তবু এজেন্সি এক হয়ে গিয়েছে।” মুখ্যমন্ত্রীর দাবি, বিরোধীরা রাজনৈতিকভাবে লড়াইয়ে এঁটে উঠতে না পেলে বিভিন্ন এজেন্সিকে ব্যবহারের চেষ্টা করছে। তবে এসবের যে বিরোধীদের বিশেষ লাভ হবে না, তাও ঠারঠারো বুঝিয়ে দেন মমতা। বললেন, “মানুষ এর জবাব দিতে তৈরি। আমরা লড়ে নেব, জিতে নেব।” উল্লেখ্য, কেন্দ্রীয় বাহিনী নিয়ে গত কয়েকদিন ধরেই জোর চর্চা বাংলার রাজনীতিতে। হাইকোর্ট নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট করানোর। প্রথমে স্পর্শকাতর জেলাগুলিতে, তারপর গোটা রাজ্যে, প্রতিটি জেলায়। তারপরও সমস্যা। ৬১ হাজারেরও বেশি ভোটে কেন্দ্রের জন্য মাত্র ২২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী চায় কমিশন। পরে আদালত জানিয়ে দেয়, ২০১৩ সালের ভোটে যত কোম্পানি বাহিনী নেওয়া হয়েছিল, তার থেকে কম কেন্দ্রীয় বাহিনী নেওয়া চলবে না। আর এসবের মধ্যেই নিয়ে বার প্রশ্ন উঠছিল রাজ্য পুলিশের ভূমিকা নিয়ে। আর এবার বাংলার পুলিশ বাহিনীকে ফুল মার্কস দিয়ে পটনা গেলেন মমতা।

প্রথমে লালু, তারপরেই নীতীশ! পাটনায় পা রেখেই একের পর এক বৈঠকে মমতা

পাটনা, ২২ জুনঃ প্রথমে লালু, তারপরে নীতীশ কুমার। এদিন সন্ধ্যায় পটনায় জেলা সার্কিট হাউজে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে এলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। দীর্ঘ ১৫ মিনিট ধরে বৈঠক করেন তারা। সেই বৈঠকেই একাধিক গুরুত্বপূর্ণ বিষয় উঠে আসে। প্রসঙ্গত, বিরোধী দলগুলির মেগা বৈঠকে যোগ দিতে এদিন পাটনায় পৌঁছন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিযুক্ত বন্দ্যোপাধ্যায়। পাটনায় পৌঁছে লালুপ্রসাদ যাদবের সঙ্গে দেখা করেন বাংলার মুখ্যমন্ত্রী। লালু প্রসাদের পরিবারের হাতে বাংলার তরফ থেকে উপহার তুলে দেন মুখ্যমন্ত্রী। বদলে বাংলার মুখ্যমন্ত্রীর হাতেও মধুবনী শিল্পের উপহার দেন লালু প্রসাদের পরিবার। এদিন তেজস্বী যাদব বলেন, “আপনি পাটনা আসায় জোটের বৈঠক সফল পেল।” মমতা বন্দ্যোপাধ্যায়



বলেন, “আপনার শরীর কেমন আছে? আমি সকলের জন্য উপহার এনেছি। বাংলার মিষ্টিও এনেছি।” তখন রাবড়ি দেবী জানান, মধুবনী শিল্প বিখ্যাত। এটা আপনার জন্য। জানা

গিয়েছে, বিহারের মুখ্যমন্ত্রী তথা জেডিউই নেতা নীতীশ কুমারের উদ্যোগেই এই বৈঠকের আয়োজন করা হয়েছে। প্রথমে এই বৈঠকের দিন ধার্য হয়েছিল ১২ জুন। কিন্তু সে সময়ে কংগ্রেস

নেতা রাহুল গান্ধি থাকতে পারবেন না বলে বৈঠক পিছিয়ে দেওয়া হয়। শেষ পর্যন্ত বিরোধী দলগুলির আলোচনায় ১২ জুনের বদলে আগামিকাল ১৩ জুন বৈঠকের দিন স্থির করা হয়েছে।

প্রতি বিন্দু রক্তপাতের জন্য দায়ী নির্বাচন কমিশন, মন্তব্য রাজ্যপালের

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুনঃ প্রত্যেক বিন্দু রক্তের জন্য দায়ী রাজ্য নির্বাচন কমিশন, কড়া মন্তব্য রাজ্যপালের। রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহার নিয়োগ সংক্রান্ত যে রিপোর্ট তা ফেরত পাঠানোর পর এবার কড়া মন্তব্য রাজ্যপালের। বুধবারই রাজভবন থেকে রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহার জয়েনিং রিপোর্ট সই না করেই ফিরিয়ে দিয়েছেন রাজ্যপাল, এমনই খবর সামনে আসে। বৃহস্পতিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যপাল বোস বলেন, “আমি রাজ্য নির্বাচন কমিশনারকে নিয়োগ করেছিলাম। বিশ্বাস রেখেছিলাম, তিনি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের আয়োজন করবেন। কিন্তু দেখলাম মানুষ হতশা।” রাজ্যের সাংবিধানিক প্রধানের এ হেন মন্তব্যে স্পষ্ট, তাঁর কাছে অন্তত রাজ্য নির্বাচন কমিশনের ভূমিকা অত্যন্ত নেতিবাচক। রাজ্য নির্বাচন কমিশন তার দায়িত্ব কর্তব্য পালন করেনি। রাজ্যপাল বলেন, ‘দেয়ার ইজ ব্লাড শেড’। অর্থাৎ রক্তের স্রোত বইছে এবং প্রতি রক্তবিন্দুর জন্য রাজ্য নির্বাচন কমিশন দায়ী। নাম না করে কার্যত কমিশনের যিনি প্রধান, সেই রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহার দিতেই আঙুল রাজ্যপাল বোসের। মাঝে আর ২ সপ্তাহ

বাকি। ৮ জুলাই ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন। তার আগে কমিশন-রাজ্যপাল সংঘাত চরমে। ইতিমধ্যেই আদালতে নির্বাচন কমিশনারের ভূমিকা প্রশ্নের মুখে পড়েছে। বিরোধীরা বলছে, কমিশনের

বাধা দিয়েছে শাসকদল। এ নিয়ে মারামারি, গুলি-বোমা তো চলেই, প্রাণও গিয়েছে। দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের ছবি ছিল ভয়াবহ। ক্যানিং, বর্ধমান, মুর্শিদাবাদেও হিংসার অভিযোগ ওঠে। মনোনয়ন দাখিলের দিন শেষ হওয়ার পর মনোনয়ন প্রত্যাহার পর্বেও হিংসা, হুমকি, হানাহানির অভিযোগে বিন্দু শাসকদল। মনোনয়ন তুলতে চাপ দিয়ে কোথাও বিরোধী প্রার্থীকে অপহরণের অভিযোগ ওঠে, কোথাও আবার বিরোধী প্রার্থীর বাড়িতে সাদা শাডি, ফুলের মালা পাঠানোর অভিযোগ তোলা হয়। এসবের মধ্যেই কেন্দ্রীয়বাহিনী দিয়ে রাজ্যে পঞ্চায়েত ভোটের নির্দেশ দিয়েছে আদালত। তবে এরপরও রাজ্য নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে প্রশ্ন যেন ধামছেই না। এবার প্রকাশ্যে রাজ্যপালও কমিশনারের প্রতি নিজের অনাস্থার কথা বুঝিয়ে দিলেন। একইসঙ্গে প্রশ্ন উঠতে শুরু করেছে, এবার কি তবে পদ থেকে সরে দাঁড়বেন রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা? এ নিয়ে যদিও বৃহস্পতিবার সকালেই কমিশনার নিজের অবস্থান স্পষ্ট করেছেন। বলছেন, তিনি সরছেন না। অর্থাৎ কমিশন ও রাজভবনের দৃষ্টি টানানি অভিযোগ করে, তাদের সদস্যদের মনোনয়নদানে

বাধা দিয়েছে শাসকদল। এ নিয়ে মারামারি, গুলি-বোমা তো চলেই, প্রাণও গিয়েছে। দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের ছবি ছিল ভয়াবহ। ক্যানিং, বর্ধমান, মুর্শিদাবাদেও হিংসার অভিযোগ ওঠে। মনোনয়ন দাখিলের দিন শেষ হওয়ার পর মনোনয়ন প্রত্যাহার পর্বেও হিংসা, হুমকি, হানাহানির অভিযোগে বিন্দু শাসকদল। মনোনয়ন তুলতে চাপ দিয়ে কোথাও বিরোধী প্রার্থীকে অপহরণের অভিযোগ ওঠে, কোথাও আবার বিরোধী প্রার্থীর বাড়িতে সাদা শাডি, ফুলের মালা পাঠানোর অভিযোগ তোলা হয়। এসবের মধ্যেই কেন্দ্রীয়বাহিনী দিয়ে রাজ্যে পঞ্চায়েত ভোটের নির্দেশ দিয়েছে আদালত। তবে এরপরও রাজ্য নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে প্রশ্ন যেন ধামছেই না। এবার প্রকাশ্যে রাজ্যপালও কমিশনারের প্রতি নিজের অনাস্থার কথা বুঝিয়ে দিলেন। একইসঙ্গে প্রশ্ন উঠতে শুরু করেছে, এবার কি তবে পদ থেকে সরে দাঁড়বেন রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা? এ নিয়ে যদিও বৃহস্পতিবার সকালেই কমিশনার নিজের অবস্থান স্পষ্ট করেছেন। বলছেন, তিনি সরছেন না। অর্থাৎ কমিশন ও রাজভবনের দৃষ্টি টানানি অভিযোগ করে, তাদের সদস্যদের মনোনয়নদানে



রাজ্য পুলিশে আস্থা নেই, কেন্দ্রীয় বাহিনীর তত্ত্বাবধানেই পঞ্চায়েত ভোট করতে হবে। প্রথম থেকেই এই দাবি জানিয়ে আসছে বঙ্গ বিজেপি-সহ অন্যান্য বিরোধী রাজনৈতিক দলগুলি। তবে কমিশন রাজ্য পুলিশেই আস্থা রেখে পঞ্চায়েত ভোট প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার মাঝেই কলকাতা হাইকোর্টের নজিরবিহীন নির্দেশে শেষমেষ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের কাছে আদালতের নির্দেশ চিনে প্রয়োজনীয় বাহিনী চেয়ে যেতে পারেন। এরপরও রাজ্যের বঙ্গ বিজেপির পক্ষ থেকে কমিশনকে নয়া দাবি জানিয়ে এক দফা নয়, একাধিক দফায় ভোট করানোর বিষয় আদালতে দ্বারস্থ হওয়ার পরামর্শ দিলেন সুকান্ত মজুমদার।

কাশ্মীরের অনন্তনাগে প্রেফতার লক্ষ্মর জঙ্গিদের দুই মদতদাতা, আগ্নেয়াস্ত্র ও গ্রেনেড উদ্ধার

শ্রীনগর, ২২ জুন : জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ জেলায় লক্ষ্মর-ই-তৈবা জঙ্গিদের দুই মদতদাতাকে প্রেফতার করল অনন্তনাগ পুলিশ। দক্ষিণ কাশ্মীরের অনন্তনাগ জেলার বিজবেহারা এলাকা থেকে আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ-সহ লক্ষ্মর জঙ্গিদের দুই মদতদাতাকে প্রেফতার করা হয়েছে। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে নগদ এক লক্ষ টাকা, ১২টি একে-৪৭ রাইফেলের গুলি ও একটি গ্রেনেড। ধৃতদের বিরুদ্ধে সংশ্লিষ্ট ধারায় অলাক্য দায়ের করা হয়েছে।শীর্ষ এক পুলিশ কর্তা বৃহস্পতিবার সকালে জানিয়েছেন, ধৃতদের নাম-বিজবেহারার আওয়ানি এলাকার বাসিন্দা আবরার উল হক কাটু ও বিজবেহারার শেতিপোরা এলাকার বাসিন্দা তৌসিফ আহমেদ ভাটা নাকা চেকিংয়ের সময় দুই সন্দেহ ডাজনকে আগ্নেয়াস্ত্র, নগদ টাকা ও গোলাবারুদ-সহ প্রেফতার করেছে পুলিশ।

প্রয়াত আমূল-কন্যার স্রষ্টা সিলভেস্টার দাকুনহা, মুহুঁইয়ে জীবনাবসান



মুহুঁই, ২২ জুন : আমূল গার্লের স্রষ্টা সিলভেস্টার দাকুনহা প্রয়াত হয়েছেন। মঙ্গলবার গভীর রাতে মুহুঁইয়ে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। আমূল ইন্ডিয়ায় ম্যানেজিং ডিরেক্টর জায়েন মেহেতা এক টুইটে এই খবর জানিয়েছেন। দা কুনহা ৫৭ বছর বয়সে আমূল গার্লের এই কেনসেপ্ট তৈরি করেছিলেন। ১৯৬৬ সালে তৈরি হয় আমূলের সেই দুইট্ট-মিষ্টি বালিকা। সেই কন্যার স্রষ্টা সিলভেস্টার দকুনহার মৃত্যুতে শোকাহত আমূলের কর্মীরা।এক সময়ে টেলিভিশন, সংবাদপত্র খুললেই দেখা যেত দুটি-মিষ্টি সেই বালিকার ছবি। আমূলের মাখনের বিজ্ঞাপনে মুখ দেখাত সে। সেই বালিকাকেই তৈরি করেছিলেন বিজ্ঞান জগতে বহু যুগ ধরে কাজ করা সিলভেস্টার। সঙ্গী ছিলেন শিল্প-পরিচালক ই উ এস সি ফার্নানডেজ। আমূলের সেই ‘ বাটারলি ডিশাশাস’ এ শৈশৱের সবচেয়ে বেশি সময় ধরে চলা বিজ্ঞাপন। সেই যাটের দশক থেকে এখনও পর্যন্ত আমূলের ওই বালিকা রীতিমতো জনপ্রিয়।

যোগে উজ্জীবিত গোটা ভারত, দেশজুড়ে উৎসাহ ও উদ্দীপনায় পালিত আন্তর্জাতিক যোগ দিবস

নয়াদিল্লি, ২২ জুন :গোটা দেশজুড়ে অত্যন্ত উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে পালিত হল আন্তর্জাতিক যোগ দিবস। এবার নবম আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানটি হয় মধ্যপ্রদেশে জবলপুরের গ্যারিডন মাঠে, সেখানে যোগব্যায়াম করেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড, মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান, কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ সিং গ্যাটেল প্রমুখ। শিবরাজ বলেছেন, আজ আমরা আন্তর্জাতিক যোগ দিবস উদ্‌যাপন করছি। প্রধানমন্ত্রী মোদির নেতৃত্বে গোটা বিশ্ব যোগের প্রভাবে উদ্ভুদ্ধ।বুধবার সকালে কেরলের কোচিতে আইএনএস বিরাকু-এ যোগাভাস করেনেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, সঙ্গে ছিলেন নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল আর হরি কুমার প্রমুখ। উত্তর প্রদেশের নয়ডাতে যোগাভাস করছেন কেন্দ্রীয় মন্ত্রী নৃশি ভি ইরানি। মুহুঁইয়ে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে অংশ নেন কেন্দ্রীয় মন্ত্রী পীযুষ গোয়েল, ওড়িশার বালেশ্বর যোগাভাস করছেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া যোগাভাস করছেন দিল্লিতে হিমাচল প্রদেশের হামিরপুরে যোগ দিবসের অনুষ্ঠানে অংশ নিয়ে যোগাসন করেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। গোটা দেশেই এদিন অত্যন্ত উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে পালিত হয়েছে নবম আন্তর্জাতিক যোগ দিবস।

ডিলিমিটেশনের ফলে রাজ্যের ১০২টি আসনে অসমিয়া ভোটারদের অংশীদার কর্বেৰ বিষয়ঃমন্ত্রী পীযুষ

গুয়াহাটি, ২২ জুন : ডিলিমিটেশনের ফলে অসমের ১২৬-এর মধ্যে ১০২টি আসনে বিপুল সংখ্যক অসমিয়া ভোটার অংশীদার হবেন। অসমিয়া ভোটারদের সংখ্যাগরিষ্ঠতা এক গৰ্বেৰ বিষয়। বলেছেন রাজ্য সরকারের প্রবক্তা তথা বহু দফতরের মন্ত্রী পীযুষ হাজৰিকা। বৃহস্পতিবার সকালে জনতা ভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে ভারতের নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত ডিলিমিটেশনের খসড়া প্রস্তাবকে কেন্দ্র করে বিরোধী দলের নানা অভিযোগের জবাব দিচ্ছিলেন মন্ত্রী পীযুষ। তিনি বলেন, সংসদীয় এবং বিধানসভা নির্বাচন করে পূনৰ্বিন্যাসের ফলে মূল ভারতীয় তথা অসমিয়াদের গৰ্ব করা উচিত। এতে সংখ্যাগরিষ্ঠ মূল ভারতীয়দের প্রাধান্য বজায় রাখা হয়েছে। তিনি বলেন, নির্দলীয় ধৰে মূল ভারতীয় তথা অসমিয়া জনগণ অনিশ্চয়তার



মধ্যে দিন কাটাচ্ছিলেন, এবার তার অবসান ঘটেছে। মন্ত্রীর দাবি, ভারতের নির্বাচন কমিশন সীমানা পুনর্নির্ধারণ করে এই অনিশ্চয়তার সমাধান করেছে।এক প্রশ্নের জবাবে মন্ত্রী হাজৰিকা বলেন, ডিলিমিটেশন প্রস্তাবে অল ইন্ডিয়া ইউনাইটেড ডেমোক্র্যাটিক ফ্রন্ট (এফ ডিএফ)-প্রধান ববরউদ্দিন আজমলের অসন্তুষ্টি হওয়া স্বাভাবিক। কেননা, কিছু তত্ত্ব অসমকে গ্রাস করে ফেলতে চেয়েছিল, যা নির্বাচন কমিশনের

হাসপাতালে নিয়ে ভরতি করা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, ঘটনার সময় গাড়ি থেকে কয়েকজনকে নেমে যেতে দেখেছেন তাঁরা। বোমা বিস্ফোরণে বেশ ক্ষতির পাশাপাশি সেতুর এবং সংলগ্ন রাস্তায় বড় গর্তের সৃষ্টি হয়েছে।নিরাপত্তা সূত্র জানিয়েছে, বোমাটি একটি এসইউভি আনা হয়েছিল। কেবল তা-ই নয়, ফুগাকাচাও আওয়াং লেইকাইকে ক্ষতিগ্রস্ত করতে এবং সেনা ও অন্যান্য নিরাপত্তা বাহিনীর চালাচলে বাধা দিতে কাজভাটের কাছে গাছপালা ফেলে রেখেছিল দুর্বৃত্তরা।এদিকে গতকাল বুধবার জনৈকি নির্বাপক মণিপুরের ইমফল পূর্ব এবং কাংপকপি জেলার ওয়াইকপিআই-এর উরংপাটি গ্রামে

চিনের বারবিকিউ রেস্টোরাঁয় গ্যাস সিলিন্ডার ফেটে আগুন ঝলসে মৃত্যু ৩১ জনের, আহত বহু

বেজিং, ২২ জুন : চিনের একটি রেস্টোরাঁয় গ্যাস সিলিন্ডার ফেটে অগ্নিকাণ্ডে ঝলসে মৃত্যু হল অন্তত ৩১ জনের। আহত হয়েছেন বহু মন্ত্রী। তাদের মধ্যে অসংখ্যের অবস্থাই আশঙ্কাজনক। বুধবার স্থানীয় সময় রাত ৮টা ৪০ মিনিট নাগাদ বিস্ফোরণ ঘটে। তার পর শুরু হয় উদ্ধারকাজ। স্থানীয় সময়

বৃহস্পতিবার ভোর ৪টো নাগাদ উদ্ধারকাজ শেষ হয়।নিংজিয়া হুই ষ্ময়ংশাসিত এলাকার রাজধানী ইনচুয়ানের এই এলাকায় প্রচুর রেস্টোরাঁ রয়েছে। ‘বোট ফেস্টিভাল’ উপলক্ষে আশপাশের আর পাঁচটি রেস্টোরাঁর মতোই ফুইংয়া নামের একটি বারবিকিউ রেস্টোরাঁতেও ভিড জিনপিং দ্রুত উদ্ধারকাজ শুরুর উপর জোরে দেন। আহতদের দ্রুত

কোভিড-সংক্রমণ নিয়ন্ত্রণেই রয়েছে ভারতে সক্রিয় রোগী কমে ১,৭৮৪, ২৪ ঘণ্টায় দু’জনের মৃত্যু হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬০,০৮২ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। দু’জনের মৃত্যুর পর এবার মৃত্যু হয়েছে ৫,৩১,১০০ জনের।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে

সক্রিয় রোগী-রোগীর সংখ্যা কমে ১,৭৮৪-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। দু’জনের মৃত্যুর পর এবার মৃত্যু হয়েছে ৫,৩১,১০০ জনের।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো

প্রধানমন্ত্রীর ব্যক্তিস্বাতন্ত্র্য, আন্তর্জাতিকতাবাদ ও বহুমুখিনতার পুনর্জাগরণের প্রসার এবং বিশ্বে পরিবর্তনের প্রয়োজনীয়তা

নয়াদিল্লি, ২২জুনঃপ্রধানমন্ত্রী মোদীর মার্কিন যুক্তরাষ্ট্র সফরে তার কর্মসূচির অন্যতম হল ব্যক্তিঃস্বাতন্ত্র্য, আন্তর্জাতিকতাবাদ ও বহুমুখিনতার পুনর্জাগরণের প্রসার এবং বিশ্বে পরিবর্তনের প্রয়োজনীয়তা । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রথম সরকারি মার্কিন যুক্তরাষ্ট্র সফরে ২০ জুন নিউইয়র্কে অবতরণ করেছেন । ২০১৪-য় প্রধানমন্ত্রী হওয়ার পর এই প্রথম । তার আর হোয়াইট হাউস থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, এই সফর ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে গভীর নৈকট্য এবং মার্কিন ও ভারতীয়দের মধ্যে যোগাযোগকে পুনঃস্বীকৃতি দেবে । নিশ্চিতভাবে বিশ্বের প্রাচীনতম এবং বৃহত্তম গণতন্ত্রের মধ্যে মৈত্রী আরও দৃঢ় হবে । বোটা গুরুত্বপূর্ণ তা হল ভারতকে বিশ্বের দরবারে হাজির করানোর প্রধানমন্ত্রী মোদীর স্বপ্নকে আরও এগিয়ে নিয়ে যাওয়া যাবে । ব্যক্তিগত গভীর বিশ্বাসে আন্তর্জাতিক সিলমোহর দেওয়া যাবে এবং বিশ্ব মঞ্চে ভারতের নেতৃত্ব প্রকাশ পাবে।মার্কিন যুক্তরাষ্ট্রে প্রধানমন্ত্রীর প্রথম কর্মসূচির অন্যতম রাষ্ট্রসংঘের সদর দফতরে আন্তর্জাতিক যোগ দিবসের উদযাপন, যা সরাসরি এই তিন নীতির প্রতিকলন । রাষ্ট্রসংঘে তিনি বলেছেন, যোগ এক ভারত প্রেষ্ঠ ভারত -এর মূল উদ্দেশ্যের প্রতিক্ষলন, যা সারা বিশ্বীর কাছে একটি আদর্শ । এতে অন্তঃদৃষ্টির প্রসার ঘটে । আমাদের বিরোধ, অবরোধ, প্রতিরোধ দূরীভূত হয় । ভারত চিরকাল মিলন, মানিয়ে নেওয়া এবং আত্মীকরণের প্রাচীন বিশ্বে যোগে বিশ্বাসী । এবং যোগ বস্তুিষে কুঁচক্কমের ধারণাই প্রসার ঘটায় । ২০২৩-এ প্রধানমন্ত্রীর ভাবনা আরও একবার সফল হয়েছে, যখন আন্তর্জাতিক এবং বহু উদযাপন সজ্জিত হয় এবং ঐতিহাসিক লাইফ(এলআইএফই) উদ্যোগে সূচনা করেন তিনি । সবই

একই নীতি অনুসরণ করে চালিত । দুটি ক্ষেত্রেই একান্ত ভারতীয় নৈতিকতা ব্যক্তি থেকে বিশ্বজনীন হয়ে উঠেছে এবং বর্তমানে আন্তর্জাতিকস্তরে সচিক অনুশীলন বলে স্বীকৃতি পেয়েছে । মিলেটে আছে প্রভূত পুষ্টি । ঘরোয়া এবং আন্তর্জাতিক বাজারে চাহিদা বৃদ্ধির প্রয়াস নিলে দীর্ঘ মেয়াদে এর উপাদন এবং ব্যবহারও বাড়বে । একইকর্মভাবে পরিবেশবান্ধব, জরুরী শরীর পরিবর্তনে আমরা ব্যক্তিগতভাবে আরও স্বচ্ছ এবং সবুজ গ্রহ তৈরি করতে পারবো ।এই নীতির দ্বারাই চালিত হয়েছে জি-২০-তে ভারতের সভাপতিত্ব এবং গ্লোবাল সাউথের কন্ঠস্বর হয়ে উঠতে পেরেছে ভারত । মৌলিক, সামাজিক চুক্তির বন্ধন এবং নতুন ব্যক্তিবাদ, নতুন আন্তর্জাতিকতাবাদ এবং নতুন বহুমুখিনতার পক্ষে সওয়াল প্রধানমন্ত্রীর প্রয়াসের ভিত্তি হয়ে উঠছে নতুন ব্যক্তিবাদের উত্থানের জন্য ডিজিটাল ক্ষমতায়ন অনেকটাই দায়ী । তাই ভারতের জি-২০ সভাপতিত্বকালে ডিজিটাল প া ব ল ক ইনফ্রাস্ট্রাকচার(ডিপিআই)-এর প্রসার পেয়েছে অগ্রাধিকার । ভারতই প্রথম দেশ যে এই তিনটি মৌল ডিপিআই-একটি অভিন্ন পরিচায়ক ব্যবস্থা, চট্জগদি আর্থিক লেনদেন ব্যবস্থা এবং গোপনীয়তা রক্ষা করে ব্যক্তিগত তথ্য বিনিময়ের মঞ্চ তৈরি করতে পেরেছে । সবমিলিয়ে এই তিনটি স্তর গণপরিষদ্য ব্যবস্থা এবং নাগরিকের ক্ষমতাব্যবহার রূপান্তর ঘটিয়েছে এবং উদ্ভাবনের বিকাশ ঘটেছে অভূতপূর্বভাবে । বর্তমানে প্রাপ্যবয়স্ক ভারতীয়দের ৯৯ দশমিক ৯ শতাংশ গণপরিষদ্য হতে আধার আই ডি ব্যবহার করেন । ইউপিআই-এর মাধ্যমে ভারতীয়রা প্রতিদিন ৬০ লক্ষ লেনদেন করে এবং এই দেশ বিশ্বের বৃহত্তম প্রযুক্তিচালিত অর্থনৈতিক অন্তর্ভুক্তিকরণ কর্মসূচি পরিচালনা করে থাকে । ভারত তার

এলাপাতাড়ি প্রচণ্ড গুলিবর্ষণ করে অজ্ঞাতপরিচয় দুর্বৃত্তের দল। ওই ঘটনায় হতাহতের খবর পাওয়া যায়নি।অন্যদিকে মেইরা পাইবিস কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঐকান্তিক হস্তক্ষেপ আশা করে। তিনি টুইটারে লেখেন, মণিপুরে শান্তির জন্য যে কোনও প্রচেষ্টা অবশ্যই হতে হবে। মণিপুরে ৫০ দিনের মৃত্যু ও ধ্বংসযজ্ঞের পর, সর্বদলীয় বৈঠকের আহ্বান প্রসঙ্গে বেগুগোপাল লেনেন, সামান্য দেরি হয়ে গেল। তিনি দাবি করেন, মণিপুরের জনগণের উদ্দেশে সোনিয়া গান্ধীর বক্তব্যের পরই সরকার জগে ওঠে। উল্লেখ্য, ২৪ জুন মণিপুরে পরিস্থিতি নিয়ে সর্বদলীয় বৈঠক করায়েন হুয়ে গেল বলে অভিহিত হয়েছে। কংগ্রেসের পক্ষ থেকে বলা হয়েছে,

বরা কেবলমাত্র একটি নির্দিষ্ট সম্প্রদায়কে তুষ্ট করার রাজনীতি করছেন। বরাকে সমগ্র অসম তথা ভারতের স্বার্থ দেখা উ চিত।একই সঙ্গে তিনি আন্দোলন-খ্যাত বিধায়ক অখিল গগৈকে উদ্দেশ্য করে বলেন, তিনি যেন জাতি-উপজাতিদের বিভ্রান্ত করে বিভাদ সৃষ্টি করার চেষ্টা না করেন। অখিল গগৈ এখন অসমের নেতা। অসমের বৃহত্তর স্বার্থে তাঁদের ভাবা উচিত।মুখ্যমন্ত্রী হিমন্তবিশু শর্মা ইশারায় সীমানা পুনর্নির্ধারণ করা হয়েছে, বিরোধী দলগুলির এই অভিযোগ বোমালুম গুণুন করেছেন মন্ত্রী পীযুষ হাজরিকা। মন্ত্রী বলেন, যা হয়েছে, তা ভারতের নির্বাচন কমিশন কেনেও, এখানে রাজ্য সরকার বা মুখ্যমন্ত্রীর কোনও হাত নেই। তবে কারিগরি ত্রুটি যেখানেই থাকুক না-কেন, তা সংশোধনের জন্য সরকার নির্বাচন কমিশনের কাছে আবেদন করবে বলেও জানান তিনি।

মণিপুরে শান্তি ফেরানোর জন্য যে কোনও ধরনের প্রচেষ্টা করতে হবে। কংগ্রেসের সাধারণ সম্পাদক কে সি বেগুগোপাল জানান, সমগ্র দেশ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঐকান্তিক হস্তক্ষেপ আশা করে। তিনি টুইটারে লেখেন, মণিপুরে শান্তির জন্য যে কোনও প্রচেষ্টা অবশ্যই হতে হবে। মণিপুরে ৫০ দিনের মৃত্যু ও ধ্বংসযজ্ঞের পর, সর্বদলীয় বৈঠকের আহ্বান প্রসঙ্গে বেগুগোপাল লেনেন, সামান্য দেরি হয়ে গেল। তিনি দাবি করেন, মণিপুরের জনগণের উদ্দেশে সোনিয়া গান্ধীর বক্তব্যের পরই সরকার জগে ওঠে। উল্লেখ্য, ২৪ জুন মণিপুরে পরিস্থিতি নিয়ে সর্বদলীয় বৈঠক ডেকে ছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

শেখার ও দক্ষতার ক্ষেত্রে দুর্দান্ত সম্ভাবনা প্রদান করে কৃত্রিম বুদ্ধিমত্তাঃপ্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ২২ জুন :শেখার ও দক্ষতার ক্ষেত্রে দুর্দান্ত সম্ভাবনা প্রদান করে কৃত্রিম বুদ্ধিমত্তা। বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার জি-২০ শিক্ষামন্ত্রীদের বৈঠকে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, শিক্ষাই কেবলমাত্র সেই ভীত নয়, যার উপর আমাদের সভ্যতা গড়ে উঠেছে। এটি মানবতার ভবিষ্যতের স্থপতিও বটে। শিক্ষামন্ত্রী হিসাবে আপনারা সকলের জন্য উন্নয়ন, শান্তি এবং সমৃদ্ধির জন্য আমাদের প্রচেষ্টায় মানবজাতিকে নেতৃত্ব দিচ্ছেন।প্রধানমন্ত্রী বলেছেন, বলা হয়ে থাকে যে, প্রকৃত জ্ঞানই নম্রতা দেয়, নম্রতা থেকে আসে সার্থকতা, যোগ্যতা থেকে সম্পদ পাওয়া যায়, সম্পদ মানুষকে ভালো কাজ করতে সক্ষম করে এবং এটিই আনন্দ নিয়ে আসে! এ জন্য, আমরা ন্যাশনাল ইনিশিয়েটিভ ফর প্রফিসিয়েন্স ইন রিডিং উইথ আন্ডারস্ট্যান্ডিং অ্যান্ড নিউমেরেসি (নিপুন) ভারত উদ্যোগ শুরু করেছি। আমাদের ২০৩০ সালের মধ্যে, একটি নির্দিষ্ট সময়ে, এটি নিয়ে কাজ করার সিদ্ধান্ত নিতে হবে।প্রধানমন্ত্রী আরও বলেছেন, আমাদের উদ্দেশ্য হতে হবে উন্নত শাসনের সঙ্গে মানসম্মত শিক্ষা প্রদান করা। এতে আমাদেরকে নতুন ই-লার্নিংকে উদ্ভাবনীভাবে মানিয়ে নিতে হবে। মোদী জের দিয়ে বলেছেন, সুযোগের পাশাপাশি প্রযুক্তিও চ্যালেঞ্জ তৈরি করে। আমাদের সঠিক ভরসাম্য বজায় রাখতে হবে। এতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে জি-২০।

শিক্ষাই ভারত ও আমেরিকার বন্ধনের ভিত্তিঃজিল বাইডেন

ভার্জিনিয়া, ২২ জুন : শিক্ষাই ভারত ও আমেরিকার বন্ধনের মূল ভিত্তি। এই মন্তব্য করলেন আমেরিকার ফার্স্ট লেডি জিল বাইডেন। আমেরিকার ভার্জিনিয়ার লেজেকজাভিয়ায় ন্যাশনাল স্যয়েন্স ফাউন্ডেশনে বক্তব্য রাখার সময় ফার্স্ট লেডি বলেছেন, আমাদের সম্পর্ক শুধু সরকারের সঙ্গে নয়। আমরা সেই পরিবার ও বন্ধুত্ব উদযাপন করছি যা বিশ্বজুড়ে বিস্তৃত, নারা আমাদের উভয় দেশের বন্ধন অনুভব করে...আমেরিকা-ভারত অংশীদারিত্ব গভীর এবং বিস্তৃত কারণ আমরা যৌথভাবে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলা করারীভাৱী সময় অনুযায়ী বৃহস্পতিবার ভারেরাতে, প্রধানমন্ত্রী মোদীকে ন্যাশনাল স্যয়েন্স ফাউন্ডেশন পরিদর্শন করতে নিয়ে যান আমেরিকার ফার্স্ট লেডি জিল বাইডেন, ফার্স্ট লেডি এবং প্রধানমন্ত্রী মোদী আমেরিকা ও ভারতের শিক্ষাধারের সঙ্গে দেখা করছেন। ফার্স্ট লেডি জিল বাইডেন আরও বলেছেন, আমরা যদি নিজস্বের অর্থনীতিকে শক্তিশালী করতে চাই, তাহলে আমাদের তরুণদের ওপর বিনিয়োগ করতে হবে যারা আমাদের ভবিষ্যত। আমাদের নিশ্চিত করতে হবে যে তাঁদের কাছে পর্যাপ্ত সুযোগ রয়েছে।

উদ্ধব ও তাঁর পরিবারের নিরাপত্তা কমানো হয়নিঃদীপক পাণ্টা তোপ সঞ্জয় রাউতের

মুম্বই, ২২ জুন : মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে ও তাঁর পরিবারের সদস্যদের নিরাপত্তা কমানো হয়নি। জানিয়ে দিলেন মহারাষ্ট্রের মন্ত্রী দীপক কোসরকার। তিনি বৃহস্পতিবার জানিয়েছেন, উদ্ধব ঠাকরে ও তাঁর পরিবারের নিরাপত্তা কমানো হয়নি। রাজ্যের স্বরাষ্ট্র দফতর এ বিষয়ে স্পষ্টীকরণ দিয়েছে। সঞ্জয় রাউত এবং আদিত্য ঠাকরের এটি সম্পর্কে মিথ্যা বলা উচিত নয়।যদিও, পাণ্টা তোপ দেগেছেন সঞ্জয় রাউত। এদিন সাংবাদিকদের মুখোমুখি সঞ্জয় রাউত বলেছেন, এগুলি সবই রাজনীতি দ্বারা প্রভাবিত, তা ইন্ডি-র অভিযান হোক অথবা নিরাপত্তা কমানো হোক। কিন্তু তাঁরা নিজস্বের কৃতকর্মের ফল পাবে। তাঁরা (বিরোধি) সর্বোচ্চ কী আর করতে পারে, তাঁরা আমাদের গুলি করতে পারে অথবা জেলে পাঠাতে পারে।

উত্তর প্রদেশে বাস উল্টে আহত অন্তত ৩০ জন, চালক ঘুমিয়ে পড়াতেই ঘটল দুর্ঘটনা

এটাহ, ২২ জুন : উত্তর প্রদেশের এটাহ-তে অপ্রা-লখনউ এক্সপ্রেসওয়ের ওপর দুর্ঘটনার কবলে পড়ল একটি বাস। এই দুর্ঘটনায় কর্মক্ষেে ৩০ জন যাত্রী আহত হয়েছেন। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। উত্তরপ্রদেশের শ্রাবস্তি থেকে বাসটি রওনা দিয়েছিল গুজরাট যাওয়ার উদ্দেশ্যে। এটাওয়ার কাছে অপ্রা-লখনউ এক্সপ্রেসওয়ের উপরে আচমকই বাসটি উল্টে যায়। আহত হন অন্তত ৩০ জন বাসযাত্রী।পুলিশের অনুমান, চালক ঘুমিয়ে পড়াতেই দুর্ঘটনা। সার্কল অফিসার নগেন্দ্রকুমার চৌবে বলেন, ‘ শ্রাবস্তি থেকে গুজরাট যাচ্ছিল বাসটি। বাসে ৮০ জন যাত্রী ছিলেন। দুর্ঘটনায় তাঁদের মধ্যে ৬০ জন আহত হয়েছেন। তবে কারও আঘাতই গুরুতর নয়। সকলকেই সাইফাই মেডিক্যাল কলেজে ভর্তি করানো হয়েছে। খুব সম্ভবত বাসের চালক ঘুমিয়ে পড়েছিলেন। তার জেরেই দুর্ঘটনা।’’ তবে সত্যিই চালক ঘুমিয়ে পড়েছিলেন কি না, তা এখনও স্পষ্ট ভাবে জানা যায়নি। বাসে যাত্রিক ত্রুটির জেরে দুর্ঘটনার কথাও উড়িয়ে দিচ্ছেন না পুলিশ অধিকারিকরা।

আন্তর্জাতিক যোগ দিবস উদযাপিত ভিক্টোরিয়া মেমোরিয়ালে

নয়াদিল্লি,২২জুন-পূর্বাঞ্চলীয় কার্যালয়, ভিক্টোরিয়া মেমোরিয়াল হলের সঙ্গে যৌথভাবে গত ২১ জুন ভিক্টোরিয়া মেমোরিয়াল প্রঙ্গনে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করেছেআন্তর্জাতিক যোগ দিবস উদযাপিত ভিক্টোরিয়া মেমোরিয়ালেপ্রাচীন ভারতীয় ঐতিহ্যের একটি অমূল্য উপহার স্বরূপ যোগ শারীরিক, মানসিক সুস্থতাবৃদ্ধির অন্যতম বিশ্বস্ত মাধ্যম হিসেবে উঠে এসেছে। ‘ যোগ শব্দটি সংস্কৃত মূল্য ’ এয়াই ইউ থেকে উদ্ভূত হয়েছে। যার অর্থ, ‘ যোগ দান করা বা একত্রিত করা’, যা মন ও শরীরের ঐক্যের প্রতীক, চিন্তা এবং কর্ম, সংঘম ও পরিপূর্ণতা, মানুষ ও প্রকৃতির মধ্যে সম্প্রীতি এবং স্বাস্থ্য ও সুস্থতার জন্য একটি সামগ্রিক দৃষ্টিভঙ্গী।প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নিরলস প্রয়াসের কারণে রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদ ২১ জুন তারিখটিকে আন্তর্জাতিক যোগ দিবস হিসেবে ঘোষণা করে। রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদ তার স্থির সংকল্পে ‘ যোগ জীবনের সমস্ত দিকগুলির মধ্যে ভারসাম্য বজায় রাখার পাশাপাশি স্বাস্থ্য ও সুস্থতার জন্য একটি সামগ্রিক দৃষ্টিভঙ্গী হিসেবে অনুমোদন দিয়েছে। যোগ ব্যায়াম অনুশীলনের সুবিধা সম্পর্কে তথ্যের ব্যাপক প্রচার বিশ্বের বহু সংখ্যক মানুষের স্বাস্থ্যর উপকারে আসবে।’ এটি সামগ্রিক স্বাস্থ্য বিপ্লবের যুগকে প্রভাবিত করেছে যেখানে প্রতিকারের পরিবর্তে প্রতিষেধের ওপর বেশি নজর দেওয়া হয়েছে।এ বছর আন্তর্জাতিক যোগ দিবসের বিষয় হল, ‘ কুটুম্বকমের জন্য যোগ’ যা ‘ বিশ্ব, এক পরিবার, এক ভবিষ্যত-’র চিন্তা-ভাবনাকে তুলে ধরে। এ বছর পশ্চিমবঙ্গের ২৫০টি বিদ্যালয়প্রতিষ্ঠানের প্রায় ১ হাজার জনের বেশি শিক্ষার্থী যোগ দিবসে অংশ নিয়েছে। পশ্চিমবঙ্গের রাজ্যপাল ড. সি ডি আনন্দ বোস-এর উপস্থিতিতে যোগ দিবসের এই অনুষ্ঠান চলে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২৩জুন শুক্রবার, ৭ আষাঢ় মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৩জুনঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যাব্দ, কলিঃ২২১৩, সৌরঃ ৭ আষাঢ় মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭১ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৭ আষাঢ় মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ৭ আষাঢ়মাস ১৯৪৪,মৈতেঃ১১ শক্রিব, আনামঃ২২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃগণপতী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৮৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃঘণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত তারপর ০ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত,তারকার ১২ঃ ৫ঃ৩০ঃ থেকে - ০ঃ২৩ঃ২ঃ৪৫ পর্যন্ত,তারপর ০ঃ৪ঃ১২ঃ২৫ থেকে - ০ঃ৫ঃ২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত,তারপর ০ঃ৩০ঃ৬ঃ০২ থেকে - ০৬ঃ১০ঃ৩৫ পর্যন্ত। মাহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২ঃ৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১ঃ৪ পর্যন্ত,তারপর ০ঃ৪ঃ২২ঃ১২ থেকে - ০ঃ৫ঃ২ঃ৪ঃ৩ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৪৫ঃ২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ৪২ঃ৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ২২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।কালরাতেঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪ঃ০২ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ২২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।

১১ঃ১৫ঃ৩৫ পর্যন্ত।গ্রন্থকৃত(সূর্য) উদয় কালীনীঃ৪রবিঃ১১ঃ২৪ঃ ৬১৯ (২৭) ৩ পদঃশুক্রঃ ২২১৫ঃ২০ (৭) ১ পদঃমঙ্গলঃ ২২৭৫ঃ৩৫৯ (২৬) ২ পদঃবুঃ ০২২২৫ (১) ১ পদঃবৃহস্পতিঃ ১০২৯ঃ৯২২ (২৫) ৬ পদঃশুক্রঃ ১০ঃ১৭ঃ৩ (২৪) ১ পদঃশুক্রঃ ৯২৫৪ঃ৩০ (২৩) ১ পদঃরাহুঃ ১২২৭ঃ৩ (৩) ২ পদঃক্রেঃ ৭ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে । তাপমাত্রা সর্বোচ্চ ৩৫.২ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৪.০২এগ্রী সেল্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আশ্চিক্কি আর্দ্রতা হবে ৮০শতকরা এবং ৩৪শতকরা। বৃষ্টি হয়েছে বৃহৎপরিমা । জোয়ার- সকাল ৯টা ২০ মিনিট এবং রাস্তাঃ৯ টা ২০মিনিট হতে- ৯টা ২০ মিনিট।সূর্যুদ্যঃ আজঃ ৪ টা ৫৭মিনিটে এবং সূর্য অস্ত্য যাবে ৬ টা ১৬ মিনিটে পরিবর্তনহতেপারে

রাশিফল
মেষরাশিঃআপনি আপনার ইচ্ছা বাচক মনোভাব এবং আত্মবিশ্বাসের সঙ্গে আপনার চারপাশের মানুষের মনে ছাপ ফেলতে পারবেন।সংসারে শান্তি বৃষত রাশিঃবিবাহের যোগ। বিশেষ যাত্রা শুভ দিন হবে আজ মিথুন রাশিঃআজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদী অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। সংসারে শান্তিহবে কর্কট রাশিঃনিজেকে আরো আশাবাদী হতে প্রেরণা জোগান। এটি প্রত্যয় এবং নমনীয়তা বাড়িয়ে তোল, কিন্তু একই সময়ে এটিকে ভয়, ঘৃণা, হিংসা প্রতিপোধের মত নেতিবাচক অনুভূতিগুলি ছাড়তে প্রস্তুত করে। বিবাহের যোগ হতে পারে আজ সিংহ রাশিঃগর্ভবতী মায়াদের গর্ভের উপর দিয়ে হাটীর সংঘর্ষ বিশেষ যত্র নেওয়া উচিত হবে। কন্যা রাশিঃহতাশ এবং অবসাদগ্রস্ত হবেন না। শুভদিন। তুলা রাশিঃআপনার মুখকরী আচরণ মনোযোগ আকর্ষণ করবে। সংসারে শান্তি হতে পারে বৃচ্চিক রাশিঃবহিরাঙ্গন কল্যাণের আশা নিয়ে আর্থিক আকর্ষণ করবে- ধান এবং যোগ লাভজনক হবে। ধনু রাশিঃঅপ্রয়োজনীয় উত্তেজনা এবং দৃষ্টিস্তা আপনার জীবনের রসকষহীন করে তুলতে পারে।। মকর রাশিঃআপনার মধ্যে শক্তির প্রাচুর্য্য থাকবে- কিন্তু কামের চাপ আপনার বিরক্তের কারণ হবে। বিবাহের যোগ হতে পারে কুন্ত রাশিঃআপনি খুঁি আবেগপ্রবণ হবেন- সুতরাং আপনাকে প্রত্যয় প্রতিপোধের পেতে পারেন এমন পরিস্থিতি থেকে দূরে থাকুন। আজ, আপনি আপনার পরিবারের সদস্যদের একসাথে যাওয়ার জন্য নিতে পারেন এবং তাদের জন্য প্রচুর একই ব্যয় করতে পারেন।শুভদিন রাশিঃআজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদী অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। করতে পারেন। যা অস্ত্রীর শরীর একটি খারাপ হতে পারে। বাচ্চারা আপনাকে বাস্ত রাখবে এবং আনন্দ আনবে।

আবার সুপ্রিম কোর্টে ক্যাভিয়েট দাখিল শুভেন্দু অধিকারীর

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুন : আবার সুপ্রিম কোর্টে ক্যাভিয়েট দাখিল করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পঞ্চায়েত ভোটের কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে মামলার সম্ভাবনা রয়েছে রাজ্য সরকার ও রাজ্য নির্বাচন কমিশনের । তা আঁচ করে আগেভাগেই ক্যাভিয়েট দাখিল করলেন শুভেন্দু। বৃথবার হাই কোর্টের প্রধান বিচারপতি টিএস শিবশঙ্করনের ডিভিশন বেক্ষ রাজ্য নির্বাচন কমিশনকে পঞ্চায়েত ভোটের জন্য ন্যূনতম ৮২ হাজার কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখার নির্দেশ দিয়েছিল। বিরোধীদের তরফ থেকে মনে করা হচ্ছে, এই রায়ের বিরুদ্ধে আগ ও একবার সুপ্রিম কোর্টে আবেদন করতে পারে রাজ্য ও রাজ্যের নির্বাচন কমিশনা। আগাম আশঙ্কা থেকে শুভেন্দু অধিকারী তার আগেই বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের ক্যাভিয়েট দাখিল করেন। তার বক্তব্য, যদি কমিশন সুপ্রিম কোর্টে গিয়েও থাকে, তাহলে যেন বিরোধীদের কথা না শুনে, কেবল এক পক্ষের কথা শুনেই বিবেচনা, করে সিদ্ধান্ত না নেন বিচারপতি। ক্যাভিয়েট দাখিল করার অর্থ, সুপ্রিম কোর্টকে শুভেন্দু অধিকারীর বক্তব্যও শুনতে হবে।

বিদেশে থেকে পঞ্চায়েত নির্বাচনের মনোনয়নপত্র জমা দিলেন তৃণমূল নেতা

দুরন্ত বার্তা, বসিরহাট, ২২ জুন : আছেন বিদেশে, দেশের বাইরে থাকলেও ব্লকে জমা পড়লো গ্রাম পঞ্চায়েত আসনে মনোনয়নপত্র। তৃণমূল নেতার বিরুদ্ধে এমনটাই অভিযোগ জানিয়ে কলকাতা হাইকোর্টে দায়ের হল মামলা। মিনাখার কুমারজোল গ্রাম পঞ্চায়েতের কুমারজোল এলাকার তৃণমূল নেতা মোহরউদ্দিন গাজী ওরফে মিশর গাজী ধর্মীয় কারণে রয়েছেন সৌদি আরবে। নির্বাচন কমিশনারের পক্ষ থেকে নির্বাচনের নির্ধক্ট প্রকাশিত হওয়ার আগেই মিনাখাঁ থেকে ওই তৃণমূল নেতা চলে গেছেন সৌদি আরবে। বর্তমানে তিনি এখন সৌদি আরবে রয়েছেন বলেই জানা গেছে। তিনি সৌদি আরবে থাকলেও মিনাখাঁ বিডিও অফিসে গ্রাম পঞ্চায়েত আসনে ওই তৃণমূল নেতা মোহরউদ্দিন গাজী কিভাবে মনোনয়নপত্র জমা দিল তা নিয়ে তৈরি হয়েছে প্রশ্ন। গত পাঁচ বছর এই কুমারজোল গ্রাম পঞ্চায়েতে প্রধান পদে মহিলা সংরক্ষিত থাকার জন্য ওই তৃণমূল নেতা মোহরউদ্দিন গাজীর স্ত্রীর নাজমা বিবি প্রধান ছিলেন। এবার ওবিসি পুরুষ সংরক্ষিত হওয়ার জন্য প্রধানসে আসনে বসার জন্য প্রশাসনের সাহায্যে জালিয়াতি করে দলের পক্ষ থেকে বিডিও অফিসে ওই তৃণমূল নেতার নাম করে দেওয়া হয়েছে মনোনয়নপত্র। নির্বাচন কমিশনারের ওয়েব পোর্টালে তার নাম দেখতে পাওয়ার সঙ্গে সঙ্গে বিরোধীরা ওই তৃণমূল নেতার বিরুদ্ধে মামলা দায়ের করেছে কলকাতা হাইকোর্টে। বিদেশে থেকেও কিভাবে মনোনয়নপত্র জমা দিলেন ওই তৃণমূল নেতা তা নিয়ে তৈরি হয়েছে প্রশ্ন। এলাকার বাসিন্দাদের দাবি গত দিন পনেরো আগে সৌদি আরবে গেছে ওই তৃণমূল নেতা। তিনি বর্তমানে সৌদি আরবেই রয়েছেন বলে জানান তারা।

জোনাল রেলওয়ের সাথে রেলপথ মন্ত্রী পর্যালোচনা সভা

কলকাতা, ২২ জুন : শ্রী অশ্বিনী বৈষ্ণব, রেল, যোগাযোগ, ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী, সরকার। ভারতের ২১.০৬.২০২৩ তারিখে



কলকাতা, ২২ জুন : জোনাল রেলওয়ের সাথে একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে এবং মূল কর্মসূক্ষ্মতা সূচকের বিষয়ে আলোচনা হয়েছে। রেলমন্ত্রী নিরাপত্তা ও

অবকাঠামোগত উন্নয়ন কাজের ওপর জোর দিয়েছেন। নিরাপত্তা অগ্রগতি কাজ যোগান- র‍্যাককে লেভেল ক্রসিং এলিমিনেশন, ট্রাক নবায়ন, ইলেকট্রনিক ইন্টারলকিং কমিশনিং, ওয়গান পরীক্ষা ইত্যাদি বিষয়েও বিস্তারিত আলোচনা করা হয়। অবকাঠামোগত কাজ এবং ট্রাফিক সুবিধার কাজগুলি যেমন বিদ্যুৎ, তিনগুণ, ফুট ওভার ব্রিজ, রোড ওভার ব্রিজ, প্লাটফর্ম উত্থান, লিফট, এসকেলের ইত্যাদি লক্ষ্যের বিষয়ে বিশদভাবে আলোচনা করা হয়েছিল। একইভাবে, যাত্রী নিরাপত্তা যেমন- সিসিটিভি, ব্যাগ স্ক্যানার, আরপিএফ একটি ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়েছিল। লোডিং, আয় এবং অন্যান্য দিকগুলিও লক্ষ্যের সাথে সম্পর্কিত বিশদে আলোচনা করা হয়েছিল।

লামডিং-হাফলং রেলপথ পরিদর্শন এনএফ রেলের জিএম চেতনকুমারের

অসম, ২২ জুন : উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজারের দায়িত্ব নিয়ে চেতনকুমার শ্রীবাস্তব লামডিং-শিলচর ব্রডগেজ রেলপথের লামডিং থেকে নিউহাফলং অংশ পরিদর্শন করেছেন। বৃথবার রাত ১১টা ৩০ মিনিটে ১৫৬৩৬ নম্বর ইন্টারসিটি এক্সপ্রেসে ভোররাত ২-টা ৫৫ মিনিটে লামডিং আসেন নবাগত জেনারেল ম্যানেজার চেতনকুমার শ্রীবাস্তব। এর পর আজ বৃহস্পতিবার সকাল ৭-টায় এলজি স্পেশাল ট্রেনে নিউ হাফ লঙের উদ্দেশ্যে লামডিং থেকে রওনা হয়ে সকাল ১০টা নাগাদ নিউহাফলং স্টেশনে এসে উপস্থিত হন। এদিন লামডিং থেকে নিউহাফলং আসার পথে জিএম পাহাড় লাইনের বিভিন্ন স্পর্শকাতর ধসপ্রবণ এলাকা পরিদর্শন করেন এবং বর্ষার মরশুমে লামডিং-শিলচর ব্রডগেজ রেলপথ সচল রাখতে উত্তরপূর্ব সীমান্ত রেল যে সব পদক্ষেপ নিয়েছে, সে সব সরজমিনে খতিয়ে দেখেছেন তিনি। জিএম চেতনকুমার শ্রীবাস্তব আজ নিউহাফলং স্টেশনে উপস্থিত হয়ে যাত্রী স্বাচ্ছন্দ্যের বিষয়টি খতিয়ে দেখার পাশাপাশি নিউহাফলং স্টেশনের ধসপ্রবণ এলাকাগুলি পরিদর্শন করে ধস রোধে যথাযত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন রেলের উচ্চ আধিকারিকদের। তবে এদিন জিএম রেলযাত্রীদের জন্য হাফলং শহর থেকে নিউহাফলং যাওয়ার বেহাল সংযোগী রাস্তা সংস্কার সম্পর্কে কিছু বলেননি। সবেমুখ উত্তরপূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজারের দায়িত্ব নিয়েছেন চেতনকুমার শ্রীবাস্তব। তাই লামডিং- শিলচর ব্রডগেজ রেলপথ নিয়ে তেমন ধারণা নেই তাঁর। তবে বৃহস্পতিবার জিএম যে শুধু এই রেলপথ পরিদর্শনে এসেছেন তা নয়। মূলতঃ তিনি পরিবার নিয়ে হাফলং এসেছেন প্রমোদ-ভ্রমণে। কারণ নিউ হাফলং স্টেশনে লোকে কিছুক্ষণ সেখানে কাটিয়ে জিএম চলে যান জাটিঙ্গা বার্ড ওয়াচিং সেন্টারে। সেখান থেকে তিনি সোজা চলে যান জাটিঙ্গার কাছে এখনিরক ভিলেজে। গোটা দিন হাফলঙের বিভিন্ন স্থান তিনি ঘুরে জমেনে পরিবার নিয়ে। রাতে হাফলং শহরে অবস্থিত রেলের অতিথিশালায় উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজারের অতিথ্যেভায় নৃত্য - সংগীত ইত্যাদির আয়োজন করা হয়। বৃহস্পতিবার উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতনকুমার শ্রীবাস্তবের সফর সঙ্গী ছিলেন ডিআরএম জেমসরঞ্জন কুমার সহ রেলের উচ্চপদস্থ আধিকারিকরা। আজ তিনি পুনরায় এলজি স্পেশাল ট্রেনে ফিরে যান লামডিঙের উদ্দেশ্যে।

রাজ্যপাল নির্বাচন পিছিয়ে দিতে চাইছেন অভিযোগ

তৃণমূল কংগ্রেসের

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুন : রাজ্যপাল বিরোধীদের সঙ্গে একজোট হয়ে নির্বাচন পিছিয়ে দিতে চাইছেন বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। আসন্ন পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে আজ শিয়ালদহ স্টেশন চত্বরে দলের প্রচার অভিযানের সূচনা করে মুখপাত্র কুণাল ঘোষ বলেন, আদালত তার পর্বেক্ষনে অনেক কিছুই রাখতে পারে কিন্তু বিরোধীরা যদি সেটাকে রাজনৈতিক হাতিয়ার করে এগোয় তবে সেটা বিপদজনক প্রবনতা। রাজ্যপাল যেভাবে কমিশনারের নিয়োগ পত্রে সেই না করে ফিরিয়ে দিয়েছেন তা এজিয়ার বহির্ভূত বলেও তিনি জানান। বিজেপির কথাতেই রাজ্যপাল এই কাজ করছেন বলেও তিনি জানিয়েছেন।

২৪ ঘন্টার মধ্যেই দক্ষিণে বর্ষা ঢুকবে

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুন : আগামী ২৪ ঘন্টার মধ্যেই অর্থাৎ শুক্রবারের মধ্যেই দক্ষিণবঙ্গের বিভিন্ন অংশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করবে। বাড়বে বিক্ষিপ্ত বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি। ভারী বৃষ্টি চলছে উত্তরবঙ্গের জেলাগুলিতে। বৃহস্পতিবার সকাল থেকেই কলকাতা ও পার্শ্ববর্তী জেলাগুলির আকাশ ছিল মেঘলা। সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশি। গুমেটা ভাবে একেবারে কেটে গিয়েছে বৃষ্ণবন্দে, এদিনও দক্ষিণ ২৪ পরগনার কোথাও কোথাও হালকা বৃষ্টিও হয়েছে। বৃহস্পতিবারের সকাল থেকে মেঘলা ছিল কলকাতা ও লাগোয়া জেলাগুলির আকাশ। আর্দ্রতাজনিত অস্বস্তিও ছিল না। তবে, বিগত কয়েকদিনের মতো বৃহস্পতিবারও কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯ ডিগ্রির ঘরেই। সর্বনিম্ন তাপমাত্রা এদিন ছিল ২৯.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, কলকাতা-সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী তিন দিনে অন্তত ৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা কমে যেতে পারে। বৃষ্টি বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং বাঁকুড়া, এই চার জেলাতে। বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বজ্রবিদ্যুৎ - সহ বৃষ্টি হবে দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতে। ক্রমশ বৃষ্টির পরিমাণ বাড়বে।

ডাকাতির আগেই ধৃত এক

উজ্জ্বল বন্দোপাধ্যায়, দক্ষিণ ২৪ পরগণা, ২২ জুন : ডাকাতির আগেই জীবন মন্ডলের হাট থেকে ধৃত এক জনকে বৃহস্পতিবার বকুলতলা থানা থেকে বারকইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। বৃথবার রাতে এলাকায় টহলদরির সময় পুলিশের নজরে আসে জীবন মন্ডলের হাট এলাকায় একজন সন্দেহজনক ভাবে ঘোরাঘুরি করছে। বকুলতলা থানার পুলিশ প্রথমে তাকে জিজ্ঞেসাব করে ও পরে তাকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়। ধৃতকে বৃহস্পতিবার বকুলতলা থানা থেকে বারকইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।

বোমার মশলা উদ্ধার

দুরন্ত বার্তা, হাওড়া, ২২ জুন : হাওড়ার ডোমজুড়ে পঞ্চায়েত ভোটের আগেই উদ্ধার হলো বেশ কয়েক কেজি বোমার মশলা। বৃহস্পতিবার বিকালে ডোমজুড়ের কুরুলান নতিবপুর এলাকার একটি পুকুরের পাশ থেকে ওই বোমার মশলা উদ্ধার করে ডোমজুড় থানার পুলিশ খবরটি জানিয়েছে, গোপন সূত্রে পুলিশ পেয়ে এদিন থানার আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছান। সেখান থেকে বোমার ওই মশলা উদ্ধার করেন তারা। কে বা কারা ওই ঘটনায় যুক্ত তা তদন্ত করে দেখা হচ্ছে। বোমা বানিয়ে পঞ্চায়েত নির্বাচনের সময় কেউ অশান্তি সৃষ্টির পরিকল্পনা করছিল কিনা খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

দুটি গাড়ির সংঘর্ষ

দুরন্ত বার্তা, জয়নগর, ২২ জুন : বৃহস্পতিবার বেলায় জয়নগর বারকইপুর রোডের পরোয়দার কাছে দুটি গাড়ির মধ্যে সংঘর্ষ হয় তবে আহত কোন নবর নেই। ঘটনাস্থলে জয়নগর থানার পুলিশ। এদিন বেলায় বারকইপুর থানার দুটি পগবাহী গাড়ি ও জয়নগর মুখি একটি সিমেন্টের গাড়ির মধ্যে সংঘর্ষ ঘটে। নিম্নত্নন হারিয়ে এই ঘটনা ঘটেছে বলে পুলিশের প্রাথমিক অনুমান।

‘শুদ্ধি’র দ্বিতীয় পর্বে ১০ জন মাদকাসক্ত’কে পরিবারের সম্মতিতে নেশা মুক্তি পুনর্বাসন কেন্দ্রে পাঠাল হাওড়া সিটি পুলিশ

শ্রেয়া আদক, হাওড়া, ২২ জুন : ‘শুদ্ধি’র দ্বিতীয় পর্বে ১০ জন মাদকাসক্ত’কে পরিবারের সম্মতিতে নেশা মুক্তি পুনর্বাসন কেন্দ্রে পাঠাল হাওড়া সিটি পুলিশ। উদ্দেশ্য এদের সমাজের মূলশ্রোতে ফেরানো। সেই উদ্দেশ্যেই বৃহস্পতিবার দুপুরে এই মাদকাসক্তদের যাদবপুরের নেশা মুক্তি পুনর্বাসন কেন্দ্রে চিকিৎসার জন্য পাঠানোর ব্যবস্থা করল হাওড়া সিটি পুলিশ। এর আগে গত ২৫ ফেব্রুয়ারি হাওড়া সিটি পুলিশের ‘শুদ্ধি’ প্রকল্পের শুভ সূচনা হয়। প্রথম দিনেই ১০ জনকে পাঠানো হয়েছিল নেশা মুক্তির পুনর্বাসন সেন্টারে। ‘শুদ্ধি’র দ্বিতীয় পর্বে ২২ জুন, বৃহস্পতিবার যাদবপুরের ‘প্রাপ্তি’ পুনর্বাসন কেন্দ্রে ১০ জন মাদকাসক্ত

ব্যক্তি’কে সমাজের মূলশ্রোতে ফিরিয়ে আনার এবং স্বাভাবিক জীবিকা নির্বাহের উদ্দেশ্যে পাঠানো হলো। ‘শুদ্ধি’ পর্ব-২ প্রকল্পের আনুষ্ঠানিক সূচনায় এদিন হাওড়া কমিশনারেট অফিসের কনফারেন্স হলে উপস্থিত ছিলেন হাওড়া সিটি পুলিশের কমিশনার প্রবীণ কুমার ত্রিপাঠী, ডিসি হেড কোয়ার্টার দুতিমান ভট্টাচার্য্য সহ অন্যান্য পুলিশের অধিকারিকরা। এদিন পুলিশ কমিশনার প্রবীণ কুমার ত্রিপাঠী বলেন, যারা নেশা ছাড়তে চাইছেন তাদের রিহ্যাবিলিটেশন সেন্টারে পাঠানো হচ্ছে। এই ব্যাপারে তাদের পরিবারের সম্মতি রয়েছে। যারা নেশা ছাড়তে চাইছে তাদের সাহায্য করা হচ্ছে। বিভিন্ন সংস্থা রয়েছে যারা রিহ্যাবিলিটেশন সেন্টার

পঞ্চায়েত সদস্য না হওয়া পর্যন্ত চুল না কাটার অঙ্গীকার, পাঁচ বছর ধরে প্রতিজ্ঞাবদ্ধ জামসেদ



সৌরত দাশ, উত্তর ২৪ পরগনা, ২২ জুন : পাঁচ বছর আগে ২০১৮ সালের পঞ্চায়েত নির্বাচনে নিজের দলের হয়ে মনোনয়ন জমা করতে পারেননি। সেই আক্ষেপ নিয়েই বিগত পাঁচ বছর ধরে মাথার চুল না কাটার প্রতিজ্ঞা নিয়ে চলছেন হাসনাবাদ আমলানী জামসেদ সর্দার। ২০১৩ সালে সিপিআইএমের হয়ে পঞ্চায়েত নির্বাচনে জয়ী হয়েছিলেন,পাঁচ বছর সামলেছিলেন নিজের বুথে পঞ্চায়েত সদস্যের দায়িত্ব। ২০১৮ সালে আবার সিপিআইএমের হয়েই প্রতিদ্বন্দ্বিতা করতে চাইলেও, নমিনেশান জমা দিতে দেওয়া হয়নি তাকে এমনটাই জানান তিনি। আর সেই আক্ষেপ ও যন্ত্রনা থেকেই ফের ভোট জিতে পঞ্চায়েত

তৃণমূল ভোটারদের একাউন্টে টাকা পাঠাচ্ছে অভিযোগ বিজেপির, প্রতিবাদে জিটি রোড অবরোধ বিজেপির

বনম্পতি দে, হুগলি, ২২ জুন : ভোটারদের প্রভাবিত করতে তাঁদের অ্যাকাউন্টে টাকা পাঠাচ্ছে তৃণমূল। এই চাঞ্চল্যকর অভিযোগ তুলে চুঁচুড়ায় জি টি রোড অবরোধ করে বিক্ষোভ বিজেপি কর্মীদের। কোদালিয়া দুই নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায় ভোটারদের প্রভাবিত করার চেষ্টা চলছে বলে অভিযোগ বিজেপির। তৃণমূল ভোটারদের অ্যাকাউন্টে টাকা পাঠাচ্ছে বলে অভিযোগ তুলে চুঁচুড়া-মণরা বিডিওর দ্বারস্থ হয়েছে গেরুয়া শিবির। বিজেপির অভিযোগ, প্রভাবিত করতে গরিব মানুষকে বেআইনিভাবে টাকা বিতরণ করা হচ্ছে, জানানো সঙ্গেও কোনও পদক্ষেপ করছে না নির্বাচন কমিশন। বিজেপির অভিযোগ, ভোটারদের অ্যাকাউন্টে এক হাজার টাকা করে পাঠানো হচ্ছে। ভোটের স্বার্থে কোন স্বার্থে টাকা পাঠানো হচ্ছে? প্রশ্ন বিজেপি নেতা-কর্মীদের। বৃহস্পতিবার প্ল্যাকার্ড হাতে কোদালিয়ার নলডাঙায় জিটি রোডের উপর বসে পড়েন বিজেপি কর্মী সমর্থকরা।

বিজেপির বিক্ষোভ অবরুদ্ধ হয়ে দলের হয়ে যিনি প্রতিদ্বন্দ্বিতা করছেন তার মনোনয়ন বাতিল করা না হলে আগামী দিনে আমরা ব্যান্ডেল ফাঁড়ির গিয়ে বিক্ষোভের বিজেপি কর্মী-সমর্থকদের অবরোধ তুলে দেয়া। হুগলি সাংগঠনিক জেলা বিজেপির সাধারণ সম্পাদক সুরেশ সাউ এই প্রসঙ্গে বলেন, ‘কে।দালিয়ার ১১৯ নম্বর বুথে বেআইনিভাবে বেশ কিছু গরিব মানুষের অ্যাকাউন্টে টাকা পাঠানো হচ্ছে। বিডিও এবং নির্বাচন কমিশনের পর্যবেক্ষকে গোটা বিষয়টির তথ্য জমা দেওয়া হয়েছে। ৪৮ ঘন্টা পেরিয়ে যাবার পরেও তার কোনরকম ব্যবস্থা নেওয়া হয়নি। বার্থকা ভাতা, বিধবা ভাতা, বেকার-ভাতার টাকা বলে মানুষকে ভুল বোঝানো হচ্ছে। আমরা পোঁজ নিয়ে দেখেছি, ১১৯ নম্বরের তৃণমূল প্রার্থীর অনুগামী সৌরত হাজারার অ্যাকাউন্ট থেকে এই টাকা যাচ্ছে। এই টাকা কোন সরকারি টাকা নয়। ওই আসনে শাসক দলের হয়ে যিনি প্রতিদ্বন্দ্বিতা করছেন তার মনোনয়ন বাতিল করা না হলে আগামী দিনে আমরা



বৃহত্তর আন্দোলনে যাব। এতদিন টাকা লুট করেছে। এখন মানুষের মন জেতার চেষ্টা চলো।’ যদিও বিজেপির নেতা যাবতীয় অভিযোগ অস্বীকার করেছেন চুঁচুড়া তৃণমূল বিধায়ক অসিত মজুমদার। তিনি বলেন, ‘বিজেপি পাগল হাবলা বলে এসব বলছে। ব্যক্তিগত অ্যাকাউন্ট থেকে বিধবা ভাতা, স্বর্ধকা ভাতার টাকা কখনও যাওয়া সম্ভব। মানুষের হয়ে কাজ করতে হয় ঘুমোলে হয় না। আর ভোট এলেই পরিয়ামী পাখির মত আসবে তারা কি করে জানবে। নির্বাচন এসেছে তাই শান্ত পরিবেশকে অশান্ত করার চেষ্টা চলছে। যে নোংরামি হচ্ছে, মানুষ তার জবাব দেবে নিশ্চয়।’

রাজ্য সরকারের বিডম্বনা বাড়াতেই এই কাজ করছে রাজ্যপাল, আরামবাগে প্রচারে এসে বলেন সৌগত রায়

দুরন্ত বার্তা, হুগলি, ২২ জুন : সম্প্রতি পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন পর্বকে কেন্দ্র করে ফের নতুন করে প্রকাশ্যে আসে রাজ্যপাল সংখ্যাভা এরবার সেই সংঘাতকেই জিইয়ে রাখার ইঙ্গিত পাওয়া গেল বর্ধীয়ান তৃণমূল সাংসদ সৌগত রায়ের দিক থেকে। তাঁর মতে, রাজ্য সরকারের বিডম্বনা বাড়াতেই এই কাজ করছেন রাজ্যপাল সি ভি অনন্দ নাথ। সৌগত রায় বলেন, রাজ্যপাল যা করছেন তা ঠিক করছেন না। সংবিধানে যা ক্ষমতা, উনি তার বাইরে চলে যাচ্ছেন। রাজ্য সরকারকে বিভ্রম্বনায় ফেলার চেষ্টা করছেন। সংবিধান বলে, রাজ্য সরকারের সুপারিশে রাজ্যপাল রাজ্য নির্বাচন কমিশনার নিয়োগ করবেন। তাই করা হয়েছে। এখন উনি সেটা ফেরত পাঠাতে বললে কি করে হয়! তিনি আরও বলেন, এখন বিরোধীরা আসল লড়াই জিততে পারবে না বলে আদালতের লড়াইয়ে জেতার চেষ্টা করছে। রাজ্য ও রাজ্যপাল সংঘাতের পরিপ্রেক্ষিতে আরামবাগে পঞ্চায়েত নির্বাচনের প্রচারে

এসে এমনই ক্ষোভ প্রকাশ করলেন তৃণমূল সাংসদ সৌগত রায়। প্রসঙ্গত উল্লেখ্য, রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য নির্বাচন কমিশনারের জয়েন্ট সেন্টারে ফিরিয়ে দিয়েছেন বলে রাজভবন সূত্রে খবর। এছাড়াও সৌগত বাবু বলেন, আরামবাগে বিজেপি বিধায়করা কোনও উন্নয়ন করেননি। উন্নয়ন করেছে শুধু তৃণমূল কংগ্রেস সরকার। মানুষ রাজ্যের উন্নয়নের পক্ষেই ভোট দেবেন। হুগলি জেলায় তৃণমূলের ক্রমবর্ধমান গোষ্ঠীদ্বন্দ্ব প্রসঙ্গে সৌগত রায় বলেন, গণতান্ত্রিক একটি দলে অনেকেই মতের মিল না হতেই পারে। কিন্তু দল যাকে প্রতীক দেবে সেই দলের প্রার্থী। আর সেই ভোটে জিতবে। বৃহস্পতিবার পঞ্চায়েত ভোটের প্রচারে হুগলি জেলার আরামবাগে যান সাংসদ । বেশ কিছু গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রচার সারেন তিনি। তাঁর সঙ্গে ছিলেন আরামবাগের সাংসদ অপরূপা পোদার সহ তৃণমূলের অন্যান্য নেতৃত্বত্বপূা মন্দিরে পূজোও দেন ও দলীয় কর্মী সমর্থকদের নিয়ে মিটিং ও জনসভা করেন।

বাসন্তীতে আক্রান্ত পুলিশ, গ্রেফতার ১

দুরন্ত বার্তা, বাসন্তী, ২২ জুন : তৃণমূল ও নির্দলের বিবাদের মধ্যে পরে আক্রান্ত হলেন এক পুলিশকর্মী। বৃথবার সন্ধ্যায় ঘটনাকে কেন্দ্র করে বাসন্তীর কলতলা মোড় এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। আক্রান্ত পুলিশ কর্মীর নাম রঞ্জন দে। তিনি বাসন্তী থানার কাঠালবেরিয়া ক্যাম্পের কর্মী। পুলিশকর্মীকে মারধরের ঘটনায় বৃহস্পতিবার দুপুর পর্যন্ত সেইফদ্দিন মোল্লা নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রেও খবর, কাঠালবেরিয়া গ্রাম পঞ্চায়েতের তৃণমূল প্রার্থী ময়না নন্দরের সমর্থনে কলতলা এলাকায় একটি মিছিল ও পথসভা ছিল তৃণমূলের। সেই পথসভার অদূরেই নির্দল প্রার্থী নাজমা খাতুন সর্বদরে অনুগামী ও কর্মীরা দাঁড়িয়ে ছিল। দুপক্ষের মধ্যে পুলিশ না বাধে সেই কারণে বাসন্তী থানার পুলিশ আগে থেকেই সেখানে মজুদ ছিল। তৃণমূল প্রার্থীর ঘুমিলে পুলিশ অন্য রাস্তা দিয়ে ঘুমিলে নিতে বলেন পুলিশের সাথে চর্যা হয়। তখন আচমকাই পুলিশের দিকে লক্ষ্য করে চোয়ার ছুড়ে মারার অভিযোগ তৃণমূলের কর্মীদের বিরুদ্ধে। ঘটনায় জখম হন ওই পুলিশকর্মী।

‘শুদ্ধি’র দ্বিতীয় পর্বে ১০ জন মাদকাসক্ত’কে পরিবারের সম্মতিতে নেশা মুক্তি পুনর্বাসন কেন্দ্রে পাঠাল হাওড়া সিটি পুলিশ



প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষা দেওয়া হচ্ছে। এদের প্রশিক্ষণ দেওয়ার জন্য সাকরাইল ইন্ডাস্ট্রিয়াল পার্কের কর্তৃপক্ষের সঙ্গে কথা হয়েছে। তারাও এই ব্যাপারে আগ্রহ দেখিয়েছেন। তাঁদের পক্ষ থেকে কম্পিউটার শিক্ষা থেকে শুরু করে জর্জ টেলিগ্রাফ, সিএসসি

আশেপাশের ছেলেরা সেখানে কম্পিউটার, এসি সারানো, টিভি সারানো শিখে অন্য কোন জায়গায় শিখে কাজ পেতে পারে। এই ব্যাপারে আমরা সাহায্য করব। এই ধরনের স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রামে আগ্রহীদের শিক্ষা দেওয়া হবে।

জগৎবল্লভপুরে পার্থ ভৌমিক তৃণমূল প্রার্থীদের সমর্থনে প্রচার সারলেন

দুরন্ত বার্তা, হাওড়া, ২২ জুন : জমজমাট পঞ্চায়েত ভোটের প্রচার। হাওড়ার জগৎবল্লভপুরে রাজ্যের সেচমন্ত্রী পার্থ ভৌমিক তৃণমূল প্রার্থীদের সমর্থনে প্রচার সারেন। শিয়ালডাঙা ও হাটলা পঞ্চায়েত এলাকায় প্রচারে



আসেন তিনি। হাওড়ার জগৎবল্লভপুুরে পঞ্চায়েত ভোটের প্রচারে নামল তৃণমূল। বৃহস্পতিবার রাজ্যের সেচমন্ত্রী পার্থ ভৌমিকের প্রচার ঘিরে কর্মীদের মধ্যে উৎসাহ ছিল তুঙ্গে। এদিন শিয়ালডাঙা ও হাটলা পঞ্চায়েত এলাকায় প্রচারে আসেন তিনি। উপস্থিত ছিলেন গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের তৃণমূল প্রার্থীরা। এদিন প্রার্থীদের সঙ্গে পরিচয় পর্ব সেরে কর্মীদের নিয়ে একটি সাংগঠনিক বৈঠক করেন সেচমন্ত্রী। এর পাশাপাশি এলাকায় ঘুরে দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে অংশ নেন। পার্থ ভৌমিক বলেন, বাংলায় উন্নয়নের যে কর্মযজ্ঞ চলছে তাতে এই রাজ্যের সব মানুষই উপকৃত হয়েছেন। এর সুফল এবারে পঞ্চায়েত ভোটে আমরা পাব। এদিন জগৎবল্লভপুরের শোভারাণীদেরী কলেজ গিয়ে ছাত্রছাত্রীদের সঙ্গে মিলিত হন মন্ত্রী। দুপুরে দলের এক প্রার্থীর বাড়িতে কর্মীদের সঙ্গে মহাছতোজ সাহেন। সেচমন্ত্রী সেখান থেকে হাটলা পঞ্চায়েত এলাকায় প্রচার সারেন ।

মিড ডে মিল রান্না করার সময় প্রেসার কুকার ফেটে আহত তিন মহিলা

দুরন্ত বার্তা, তারকেশ্বর, ২২ জুন : স্কুলে মিড ডে মিলের রান্না চলাকালীন প্রেসার কুকার ফেটে আহত হলেন তিন রাধুনি। ঘটনাটি ঘটেছে তারকেশ্বর পৌর এলাকার অন্তর্গত পদ্মপুকুর প্রাথমিক বিদ্যালয়ে । স্কুল সূত্রে জানা গেছে বর্তমানে চলছে মর্নিং ক্লাস। একই সঙ্গে ওই একই স্কুলে চলছে বর্তমানে তারকেশ্বর পদ্মপুর এলাকার একটি আইসিডিএস স্কুলের পঠন-পাঠন। তাদেরও রান্না ওই একই স্কুলে চলছে। বৃহস্পতিবার মিড ডে মিলের রান্না চলাকালীন হঠাৎই একটি প্রেসার কুকার বাস্ট করে, শুধু তাই নয়, ঘটনায় রান্নাঘরের আসবেস্টসের চাল উড়ে যায়। প্রেসার কুকারের সিটিটি গিয়ে পরে আনুমানিক ৭৫ ফুট দূরে একটি দেতলা বাড়ির ছাদে ঘটনায় স্কুলের রাধুনি বিজলী কোন্দল , মেনকা বাগ, কাকলি রায় আহত হন। তবে ঘটনায় স্কুলের কোনও ছাত্র-ছাত্রী আহত হয়নি। ঘটনার পরই স্কুলের প্রধান শিক্ষিকা মঞ্জুরী সামন্ত তাদেরকে উদ্ধার করে তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে ভর্তি করেন । তাদের মধ্যে থেকে রাধুনি বিজলী পোডলের অবস্থা গুরুতর , চোখে আঘাত পেয়েছে বর্তমানে তিনি তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে চিকিৎসাধীন। এই বিষয়ে স্কুলের হেড টিচার মঞ্জুরী সামন্ত বলেন হঠাৎ করেই এই ঘটনাটি ঘটে গেছে, একই সঙ্গে তিনি আক্ষেপের সূরে বলেন বর্তমানে এই আরও একটি স্কুলের পঠন- পাঠন এবং রান্না চলছে আমাদের স্কুলে। আমাদের স্কুলের রান্না ঘরটি অত্যন্ত ছোট। ফলে দুটো গ্যাস সিলিন্ডারে একসাথে রান্না করতে হয়। ছোট পরিসরে রান্নার কাজ করতে অসুবিধা হয়। কীভাবে এমনটা ঘটেছে বুঝতে পারছি না। আগুন লেগে আরও বড় দুর্ঘটনা ঘটতে পারত।

১৩৮ জন তীর্থযাত্রীকে নিয়ে ৭ জ্যোতির্লিঙ্গ যাত্রা

গোরক্ষপুর, ২২ জুন: ২২ জুন, ২০২৩ তারিখে গোরক্ষপুর রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নম্বর-২ থেকে রাত ১২টা ২০ মিনিটে ভারত গৌরব পর্যটন ট্রেনটি ৭ জ্যোতির্লিঙ্গ যাত্রার জন্য ১৩৮ জন তীর্থযাত্রীকে নিয়ে গোরখপুর থেকে ছাড়ে। রেলকর্মীরা তিলক লাগিয়ে ও ফুল বর্ষণ করে যাত্রীদের স্বাগত জানান। এই ট্রেনের সব সিট পূর্ণ ছিল। এই ট্রেনের যাত্রা ২২ জুন, ২০২৩-এ শুরু হয় এবং ১ জুলাই, ২০২৩-এ শেষ হবে। সমগ্র

ভারতীয় রেলওয়েতে খিন ভিত্তিক ট্যুরিস্ট ট্রেন চালানো হচ্ছে। ভারত গৌরব ট্রেন হল ভারতীয় রেলওয়ের ট্যুরিস্ট সার্কিট ট্রেন যা ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য, ঐতিহাসিকতা এবং প্রাকৃতিক সৌন্দর্যে পরিপূর্ণ শহরগুলিতে ভ্রমণ করে। আমাদের পর্যটন স্থান এবং ভারতের গর্ব, আইআরসিটিসি দ্বারা জনপ্রিয় করতে মহাকালেশ্বর, ওমকারেশ্বর, সোমনাথ, দ্বারকাধীশ, নাগেশ্বর, ত্রিখমেশ্বর, ঘুপেশ্বর এবং ভীম শঙ্করে দর্শন যাত্রার জন্য ২২ জুন থেকে ১ জুলাই, ২০২৩ পর্যন্ত গোরখপুর থেকে ভারত গৌরব পর্যটন ট্রেনটি হিন্দু ধর্মাবলম্বীদের জন্য মোট ৭টি জ্যোতির্লিঙ্গ এবং এটিকে অন্যান্য ভক্তদের জন্য ৯ রাত এবং ১০ দিনের জন্য চালানো হচ্ছে। এই ট্রেনে শরনযান শ্রেণী ৯টি, বাতানুকূল দ্বিতীয় শ্রেণী একটি, বাতানুকূল তৃতীয় শ্রেণী একটি, জেনারেলের সহ লাগেজ দুটি এবং পেট্রিকার দুটি সমেত মোট ১৪টি অত্যাধুনিক আরামদায়ক এলএইচবি কোচ আছে। এই যাত্রায় প্যাকেজ ক্যাটাগরি অনুযায়ী রাাত্রিযাপন ও স্নান ইত্যাদির জন্য হোটেল-ধর্মশালায় সুবিধা দেওয়া হয়। এই যাত্রায় সকালের চা, প্রাতঃরাশ, দুপুরের খাবার এবং রাতের খাবার নিরামিষ খাবার সরবরাহ করা হবে। যাত্রার সময় যাত্রীদের সাহায্য করতে আইআরসিটিসি’র ম্যানেজার নিয়োগ করা হয়েছে। এটি উত্তর-পূর্ব রেলওয়ের তৃতীয় ভারত গৌরব যাত্রা, এই ট্রেনটি এই অঞ্চলে ধর্মীয় ও সাংস্কৃতিক পর্যটনকে উৎসাহিত করবে।

টেলি-বলির টুকরো খবর

ববি জাসুসের পর আবার এক গোয়েন্দা চরিত্রে বিদ্যা বালান, প্রকাশ্যে ‘নিয়ত’এর টিজার



সামনে এল ‘নিয়ত’ ছবির টিজার। গোয়েন্দা গল্প নিয়ে আসছেন বিদ্যা বালান। ছবিতে দেখা যাবে একটি খুন, অনেক সন্দেহজনক ব্যক্তি, এইসবের মাঝে একা অভিনেত্রী। চলতি বছরের ৭ জুলাই মুক্তি পাবে এই ছবি। ছবির মুখ্য চরিত্র মীরা রাও-এর ভূমিকায় দেখা যাবে অভিনেত্রীকে। তাঁর পাশাপাশি দেখা যাবে রাম কাপুর, রাহুল বোস, নীরজ কবি, সাহানা গোস্বামী, অমিত্রা পুরি, নিকি ওয়ালিয়া, দীপাভিত্তা শর্মা, শশাঙ্ক অরোরা, প্রাজ্ঞা কলি, দানেশ রাজভি, ইশিকা মেহেরা এবং মাধব দেবল। ছবির ট্রেলারটি রিলিজ হবে বৃহস্পতিবার। ১৭ সেকেন্ডের এই টিজারটি শুরুতেই দেখা যাচ্ছে সমুদ্রের ঢেউ। একের পর এক ভিজুয়াল আর তার সঙ্গে শোনা যাচ্ছে এক ভয়েসওভার। তবে পরোো টিজারটিতে এক সাসপেন্সের ঘোঁষা পাওয়া গিয়েছে। মার্ডার মিস্টির এই ছবির টিজারে অনেকেরই পছন্দ হয়েছে। কিন্তু, বিদ্যা বালানের লুক দেখে কিছু ফ্যানেরা অনুমান করেছেন যে ছবিটি ‘নাইভস আউট’

ক্রিকেটের দল কিনলেন সঞ্জয় দত্ত

শাহরুখ খান, প্রীতি জিণ্টার পর এ বার ক্রিকেট দল কিনলেন আরও এক বলিউড তারকা। তিনি সঞ্জয় দত্ত। জিম্বাবোয়েতে শুরু হতে চলছে ফ্র্যাঞ্চাইজি লিগ। সেখানেই একটি দল কিনেছেন তিনি। আইপিএলে কলকাতা দলের মালিক শাহরুখ। এ ছাড়া বিশ্বের আরও কিছু ফ্র্যাঞ্চাইজি লিগে তাঁর দল রয়েছে। অন্য দিকে, পঞ্জাব দলের মালিক প্রীতি। সঞ্জয় কিনেছেন জিম্বাবোয়ের হারারে শহরের দল। দীর্ঘ দিন পর আবার বলিউডের প্রথম সারির ক্রিকেট অভিনেতাকে ক্রিকেটের দল কিনতে দেখা গেলো। বিশেষ বিভিন্ন প্রান্তে চালু হয়েছে ফ্র্যাঞ্চাইজি লিগ। সেই তালিকায় নতুন সংযোজন হল জিম্বাবোয়ে। সেখানে নয় দিনের এই লিগে খেলা হবে পাঁচটি দল। নতুন এই প্রতিযোগিতার নাম দেওয়া হয়েছে জিম্ম অ্যাফ্রো টি ১০। আগামী ২০ জুলাই শুরু হচ্ছে এই প্রতিযোগিতা। চলবে ২৯ জুলাই পর্যন্ত। প্রতিটি মা্যাচই হবে হারারেতে। সঞ্জয় কিনেছেন হারারে হারিকেন দল। দলের অন্যতম মালিক তিনি। অ্যারিস গ্রুপের চেয়ারম্যান এবং সিইও সোহন রায়ের সঙ্গে যুগ্ম ভাবে এই দলটি কিনেছেন সঞ্জয়। জিম্বাবোয়েতে এই প্রথম বার কোনও ফ্র্যাঞ্চাইজি লিগ শুরু হতে চলছে। হারারে ছাড়া বাকি দলগুলি হল ডারবান কলন্দর্প, কেপটাউন স্যান্সন আর্মি, বুলাওয়ে ব্রেন্ডস এবং জোবার্গ লায়ল। অর্থাৎ পাঁচটি দলের মধ্যে দক্ষিণ আফ্রিকার তিনটি শহরের দল রয়েছে। আগামী ২ জুলাই ক্রিকেটারদের ড্রাফট রয়েছে।

জম্মু বিশ্ববিদ্যালয়ের দীক্ষান্ত অনুষ্ঠানে অংশ নিলেন ধনখড়, বললেন ভারতের ভবিষ্যত রয়েছে যুবকদের হাতে

নয়াদিল্লি, ২২ জুন : জম্মু বিশ্ববিদ্যালয়ের বিশেষ দীক্ষান্ত অনুষ্ঠানে অংশ নিলেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়। ২০১৬-১৯-এর ব্যালকল সময়ের



জন্ম বৃষ্পতিবার অনুষ্ঠিত হয়েছিল জম্মু বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন অনুষ্ঠান। সমাবর্তনের সময় শিক্ষাধীদের উদ্দেশ্যে ভাষণ দেওয়ার সময় উপ- রাষ্ট্রপতি ধনখড় বলেছেন, ভারতের ভবিষ্যত যুবকদের হাতে রয়েছে এবং তাদের চেষ্টা চলিয়ে যেতে। উপ- রাষ্ট্রপতি বলেছেন, ৩৭০ এবং ৩৫ এ ধারা বাতিল করার পরে, জম্মু ও কাশ্মীর কেন্দ্রশাসিত অঞ্চল প্রয়াত শ্যামা প্রসাদ মুখোপাধ্যায়ের কল্পনা অনুসারে সমস্ত ক্ষেত্রে অভূতপূর্ণ উন্নয়নের সাক্ষী হচ্ছে। তিনি আরও বলেন, জম্মু বিশ্ববিদ্যালয়ের কলেজ অন হুইলস ইনিশিয়েটিভ জম্মু ও কাশ্মীরের শিক্ষার্থীদের আজীবন এক্সপোজার সরবরাহ করবে। শিক্ষাধীদের ২০৪৭ সালের যোগ্য বলে অভিহিত করেন উপ-রাষ্ট্রপতি।

‘জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গল পুরস্কার’ প্রদান করলেন রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ২২ জুন : রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু বৃহস্পতিবার ‘জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গল পুরস্কার’ প্রদান করেছেন। রাষ্ট্রপতি ভবনে আয়োজিত একটি



অনুষ্ঠানে তিনি ২০২২-২৩ সালের জন্য এই পুরস্কার, প্রাপকদের হাতে তুলে দেন। সমাজে নার্সদের অবিস্মরণীয় অবদানের স্বীকৃতিতে তাঁদের এই পুরস্কার দেওয়া হয়। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক ১৯৭৩ সালে এই পুরস্কার প্রবর্তন করে। সমাজে নার্সদের অবদানের স্বীকৃতি স্বরূপ ২০২২-২৩ সালের জন্য ‘জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গল পুরস্কার’ প্রাপকদের হাতে তুলে দেন রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়ার ও কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব রাজেশ ভূষণ প্রমুখ।

উত্তরাখণ্ডের পিথোরাগড়ে গভীর খাদে পড়ল গাড়ি মৃত্যু ৯ জনের

উত্তরাখণ্ড, ২২ জুন : উত্তরাখণ্ডের পিথোরাগড় জেলায় নিয়ন্ত্রণ হারিয়ে গভীর খাদে পড়ে গেল যাত্রীবোঝাই একটি গাড়ি। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৯ জনের এবং দু’জন গুরুতর আহত হয়েছেন। বৃহস্পতিবার দুর্ঘটনাটি ঘটেছে পিথোরাগড় জেলার মুহিয়ারি ব্লকে। আইজি কুমাওন নীলেশ ভারেন জানিয়েছেন, আহত দু’জনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ জানিয়েছে, বৃহস্পতিবার একটি যাত্রীবোঝাই গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে গভীর খাদে পড়ে গেল। গাড়িটিতে কতজন ছিলেন সেই বিষয়ে এখনও স্পষ্টভাবে কিছু জানা যায়নি, তবে ৯ জনের মৃত্যু হয়েছে ও দু’জন গুরুতর আহত হয়েছেন। গাড়িটি ভেঙে একেবারে দুমড়ে মুচড়ে গিয়েছে। এই দুর্ঘটনায় গভীর দুঃখপ্রকাশ করেছেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুঙ্ঘর সিং ধামি। তিনি জানান, বাষ্পেধুরের শামা থেকে পিথোরাগড়ের নাচনির দিকে আসা একটি গাড়ির দুর্ঘটনার বিষয়ে জেনে বাধিত। ঈশ্বরের কাছে নিহতদের আত্মার শান্তি কামনা করছি। এদিকে, বৃহস্পতিবার সকালেই উত্তর প্রদেশের এটাহ-তে আগ্রা-লখনউ এক্সপ্রেসওয়ের ওপর একটি বাস দুর্ঘটনার কবলে পড়ে। এই দুর্ঘটনায় বেশ কয়েকজন যাত্রী আহত হয়েছেন। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

‘আদিপুরুষ’-এ হনুমানের মুখের ভাষা নিয়ে ‘লক্ষ্মাকাণ্ড’, সংলাপ বদলে কী লিখলেন মনোজ?

সংলাপ বদলে ফেলব, যেগুলো আপনাদের খারাপ লেগেছে। আগামী সপ্তাহে নতুন সংলাপ যুক্ত করা হবে। কথা মতো সেই সংলাপই দেখা গেল আদিপুরুষে। তবে কেন এইধরনের সংলাপ লিখেছিলেন মনোজ মুনতাশির। সেই প্রসঙ্গে ফের একটি বিবৃতি দেন তিনি। কেন হনুমানেরর মুখে সরল ভাষা লিখেছেন তিনি, সেই যুক্তিতে বলেন, ‘হনুমানের মুখে সরল ভাষা বসানোর পিছনে কারণ একটাই ছিল যে, বজরংবলী যাকে আমরা বল ও বুদ্ধির তকমা দিতে নারাজ। যে বজরংবলীর মধ্যে পাহাড় তুলে ধরার বলা আছে, সহস্র ঘোড়ার বেগ আছে, সেই বজরংবলীর মধ্যে বাচ্চাও আছে। ওর মধ্যে বালকসুলভ ব্যাপার আছে। উনি যেভাবে হাসেন, সেটা ছোটবাচ্চাদের মতো। বজরংবলী শ্রীহামচন্দ্রের মতো না, ও দার্শনিকসুলভ কথা বলে না। বজরংবলী ভগবান নয়, ও ভক্ত, আমরা তাঁকে ভগবান বানিয়েছি,



খারাপ ডিএফএক্স ও ‘টপোয়ার’ সংলাপ নিয়ে প্রবল কটাক্ষের মুখে পড়েছে ‘আদিপুরুষ’। সাধারণ মানুষ থেকে শুরু করে ফিল্ম সমালোচক অনেকেই প্রশ্ন তোলেন ‘পৌরাণিক চরিত্রের মুখে এ কী ভাষা! যেখানে বাবা তুলে কথা বলছেন হনুমান?’ এরপরই বিক্ষেভের মুখে পড়ে সংলাপ বদলের সিদ্ধান্ত নেয় নির্মাতারা। সেই মতোই বুধবার বড়পর্দায় হনুমানের মুখে শোনা গেল নয়া সংলাপ। মনোজ মুনতাশির গত রবিবার জানান যে এই ছবির নির্মাতারা কয়েকটি সংলাপ বদলের সিদ্ধান্ত নিয়েছেন। মনোজ টুইটে লেখেন, ‘আমার কাছে দর্শকের ভাবাবেগের থেকে বড় আর কিছু নেই। আমি আমার লেখা সংলাপ কেন যথার্থ তা নিয়ে আমার কাছে অনেক যুক্তি আছে। কিন্তু সেগুলো বললে আপনাদের যন্ত্রণা কমবে না। তাই আমি ও ছবির নির্মাতারা সিদ্ধান্ত নিয়েছি যে আমরা এই ছবির কিছু

সংলাপ বদলে ফেলব, যেগুলো আপনাদের খারাপ লেগেছে। আগামী সপ্তাহে নতুন সংলাপ যুক্ত করা হবে। কথা মতো সেই সংলাপই দেখা গেল আদিপুরুষে। তবে কেন এইধরনের সংলাপ লিখেছিলেন মনোজ মুনতাশির। সেই প্রসঙ্গে ফের একটি বিবৃতি দেন তিনি। কেন হনুমানেরর মুখে সরল ভাষা লিখেছেন তিনি, সেই যুক্তিতে বলেন, ‘হনুমানের মুখে সরল ভাষা বসানোর পিছনে কারণ একটাই ছিল যে, বজরংবলী যাকে আমরা বল ও বুদ্ধির তকমা দিতে নারাজ। যে বজরংবলীর মধ্যে পাহাড় তুলে ধরার বলা আছে, সহস্র ঘোড়ার বেগ আছে, সেই বজরংবলীর মধ্যে বাচ্চাও আছে। ওর মধ্যে বালকসুলভ ব্যাপার আছে। উনি যেভাবে হাসেন, সেটা ছোটবাচ্চাদের মতো। বজরংবলী শ্রীহামচন্দ্রের মতো না, ও দার্শনিকসুলভ কথা বলে না। বজরংবলী ভগবান নয়, ও ভক্ত, আমরা তাঁকে ভগবান বানিয়েছি,

কারণ ওর মধ্যে সেই ক্ষমতা ছিল’। মনোজের এই বিবৃতি খুব একটা ভালো চোখে দেখেনি নেটিজেনরা। ফের তুমুল ট্রোলের মুখে পড়েন মনোজ। ইতিমধ্যেই অল ইন্ডিয়া সিনে ওয়াকারস অ্যাসোসিয়েশন একটি চিঠি লিখেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে। তাঁদের আবেদন, অবিলম্বে এই ছবির স্ক্রিনিং বন্ধ করা হোক। শুধু বড়পর্দাতেই নয়, ওটিটিতেও এই ছবি ব্যানের ডাক দেন তারা। এমনকী পরিচালক ওম রাউত ও সংলাপ লেখক মনোজ মুনতাশিরের বিরুদ্ধে একআইআর দায়েরের আবেদন করেন তারা। তাদের দাবি এই ছবি হিন্দু ধর্মাবলম্বীদের ভাবাবেগে আঘাত করেছে। ৫০০ কোটি টাকা বাজেটে তৈরি হয়েছে ‘আদিপুরুষ’। রায়ের চরিত্রে প্রভাস, সীতার চরিত্রে কৃতি স্যানন ও রাবণের চরিত্রে অভিনয় করেছেন সহিফ আলি খান। বিগত তিন বছর ধরে চলছে এই ছবি তৈরির কাজ। তবে রিলিজের পর থেকে ফিল্ম সমালোচক থেকে শুরু করে দর্শক, এই ছবিকে ভালো ছবির তকমা দিতে নারাজ। তারই মাঝে সারা বিশ্বজুড়ে ইতিমধ্যেই ৪০০ কোটি ব্যবসা করেছে এই ছবি। ছবির প্রচারে একটই নয়া উদ্যোগ নেয় নির্মাতারা, বৃহস্পতিবার-শুক্রবার এই ছবি আইনজ্ঞ, পিভিআর, সিনেপলিসে দেখা যাবে মাত্র ১৫০ টাকায়। তবে এই অফার অঙ্গপ্রদেশ, তেলেঙ্গানা, কেরালা, তামিলনাডুতে বৈধ নয়।

বিগত ৯ বছরে চাকরির সুযোগ বেড়েছে : ভূপেন্দ্র যাদব

নয়াদিল্লি, ২২ জুন : বিগত ৯ বছরে ভারতে চাকরির সুযোগ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে এবং প্রায় এক কোটি ২৫ লক্ষ নতুন চাকরির সুযোগ তৈরি হয়েছে। তিনি বলেন, এ পর্যন্ত প্রায় ৩০ কোটি কর্মী ই-শ্রম পোর্টালে নিবন্ধন করেছেন। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের নয় বছরের অর্জন সম্পর্কে বৃহস্পতিবার নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেন, সরকার সংগঠিত ও অসংগঠিত শ্রমিকদের কল্যাণ নিশ্চিত করে সেবা, সুশাসন এবং গরীব কল্যাণে মনোনিবেশ করেছে। তিনি বলেছেন, সরকার প্রধানমন্ত্রী শ্রম যৌগী মানধন প্রকল্পের মাধ্যমে অসংগঠিত কর্মীদের সামাজিক সুরক্ষা প্রদানের পদক্ষেপ নিয়েছে। তিনি মুদ্রা এবং প্রধানমন্ত্রী ঋণিধি প্রকল্পেরও প্রশংসা করে বলেছেন, এই প্রকল্পগুলি অসংগঠিত শ্রমিকদেরও সাহায্য করেছে। মন্ত্রী জোর দিয়ে বলেন, সরকারের গৃহীত পদক্ষেপের কারণে কর্মক্ষেত্রে নারীদের অংশগ্রহণ বাড়ছে।

অসমে বন্যা, দুর্শিস্তা না করার আহবান পীযুষের

গুয়াহাটি, ২২ জুন : অসমে চলমান বন্যাকে কেন্দ্র করে দুর্শিস্তা না করতে নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন রাজ্যের জলসম্পদ দফতরের মন্ত্রী পীযুষ হাজরিকার। আজ বৃহস্পতিবার জনতা ভবনে তাঁর কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী হাজরিকা বলেন, এবারের বন্যায় এখন পর্যন্ত চারটি স্থানে তিনটি নদীবাঁধ ভেঙেছে। যে তিন স্থানে নদীবাঁধ ভেঙেছে সেগুলি বরমা, নাওবৈচা এবং ভবানীপুর বিধানসভা কেন্দ্র এলাকার। তিনি বলেন, নবনির্মিত নদীবাঁধ কোথাও ভাঙেনি। বরং এ সব নবনির্মিত নদীবাঁধ নির্মাণের কাজের অংশ হিসেবে রেলওয়ে স্টেশনগুলিতে সর্বজনীন স্বচ্ছতার উন্নয়নের এই প্রচেষ্টা আরপিএক অব্যাহত রাখবে। ট্রেন ও স্টেশন চত্বরগুলিতে অবৈধভাবে ফেরি করা, ধুমপান করা, অপরিষ্কার করা রেলওয়ে আইন, ১৯৮৯-এর যথাক্রমে ধারা ১৪৪ (এ), ধারা ১৬৭ ও ধারা ১৪৫-এর অধীনে নিষিদ্ধ।

কেজরির দলে ভাঙন ধরাল কংগ্রেস

নয়াদিল্লি, ২২ জুন : চলতি সপ্তাহেই আপ প্রধান অরবিন্দ কেজরিওয়াল রাজস্থান এবং মধ্যপ্রদেশে আসন্ন বিধানসভা ভোটে প্রার্থী দেওয়ার কথা ঘোষণা করেছিলেন। রাজস্থানের গন্দানগরে গিয়ে সে রাজ্যের কংগ্রেস শাসকদলের কড়া সমালোচনাও করেছিলেন তিনি। গত বছর গুজরাতে প্রার্থী দিয়ে মাত্র পাঁচটি আসনে জিতলেও কেজরীর দল তিনে ডজনের বেশি আসনে ভোট কেটে কংগ্রেস প্রার্থীদের হারিয়েছিল বলে অভিযোগ। বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের ডাকা বিজেপি বিরোধী দলগুলির বৈঠকে আগে আম আদমি পার্টি (আপ)-কংগ্রেস সংঘাতের পারদ চড়ছে জাতীয় রাজনীতিতে। আপ প্রধান অরবিন্দ কেজরিওয়াল কংগ্রেসের উপরে চাপ বাড়িয়ে রাজস্থান এবং মধ্যপ্রদেশের আসন্ন বিধানসভা ভোটে লড়ার ঘোষণা করার পরেই ‘প্রত্যাবাহত’ করল রাহুল গান্ধী-মল্লিকার্জুন খড়্গের দল। গুজরাত আপের সহ-সভাপতির পদে থাকা বশ্রাম সগাথিয়া-সহ সো রাজ্যের কয়েক জন কেজরী-ঘনিষ্ঠকে টেনে আনা হল ‘হাত’ শিবিরে। পাটনায় নীতীশ এবং আরজেডি সভাপতি লালুপ্রসাদের ছেলে তথা বিহারের উপমুখ্যমন্ত্রী তেজস্বী ধান্বরের ডাকা বিরোধী জোটের বৈঠকে আগামী শুক্রবার এক

নির্বাচনে বিজেপি বিরোধী দলগুলির মধ্যে সমন্বয় সাধন করে একজেটি হয়ে লড়াইয়ে নামা। কিন্তু গত এক সপ্তাহ ধরে আপ-সহ কয়েকটি দলের সঙ্গে কংগ্রেস নেতৃত্বের টানাগড়নে তৈরি। দিল্লিতে শীলা দীক্ষিতের সরকারকে হটিয়ে ক্ষমতায় আসা অরবিন্দ কেজরিওয়ালকে কোনও ভাবেই বাড়তি জায়গা দিতে রাজি নয় কংগ্রেস। এমনকি আমলাতন্ত্রের দখল নিয়ে মৌদী সরকারের তরফে আসতে লাা সম্ভাব্য বিলের বিরোধিতায় যখন অন্য বিরোধীরা কেজরিওয়ালের পক্ষে, তখন কংগ্রেস তার সমর্থনের বিষয়টি এখনও ঝুলিয়ে রেখেছে। একই ভাবে বাংলায় পঞ্চায়েত নির্বাচন কংগ্রেস-তৃণমূল ‘সমীকরণে’ জটিলতা তৈরি করেছে।

অবৈধ কার্যকলাপের বিরুদ্ধে স্টেশনগুলিতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অভিযান

মালিগাঁও, ২২ জুন : স্টেশন চত্বরগুলিকে অবৈধ কার্যকলাপ থেকে মুক্ত রাখার উপর গুরুত্ব আরোপ করে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে নিয়মিত অবৈধ অনুমোদিত হকারভেন্ডর, ধুমপানকারী ও অপরিষ্কার করা মানুষের বিরুদ্ধে অভিযান চালিয়ে আসছে। বিগত দুই মাসে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পাঁচটি ডিভিশনে ডিভিশনে ধারাবাহিকভাবে অভিযান চালিয়ে জরিমানা হিসেবে ২০.৫৪ লক্ষ টাকা সংগ্রহ করা হয়েছে। এই সমস্ত ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে রেলওয়ে আইন, ১৯৮৯-এর প্রাসঙ্গিক ধারার অধীনে ৪৬৬১ জন ব্যক্তিকে দেশী সাব্যস্ত করা হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পাঁচটি ডিভিশনে ২০২৩-এর এপ্রিল ও মে মাসে অবৈধঅনুমোদিত হকারভেন্ডরদের কাছ থেকে জরিমানা হিসেবে ৩.২০ লক্ষ টাকা সংগ্রহ করা হয় এবং ১০৭৭ জনের বিরুদ্ধে মামলা করা হয়েছিল। এর পাশাপাশি, স্টেশন চত্বরে ধুমপান করা ও আবজনা ফেলা ব্যক্তিদের কাছ থেকে জরিমানা হিসেবে যথাক্রমে ১.৭৪ লক্ষ ও ৫.৫৯ লক্ষ টাকা সংগ্রহ করা হয়। এই বিষয়ে ৯২৬ জন ধুমপানকারী ও ২৬৫৮ জন আবজনা ফেলা ব্যক্তির বিরুদ্ধে মামলা করা হয়েছে। মোট ৭৫ টি মুখ্য রেলওয়ে স্টেশনকে অবৈধ হকারদের থেকে মুক্ত করে যোগ্যতা করা হয়েছে। কাটিহার ডিভিশনের অধীনে কটিহার, শিলিগুড়ি, নিউ জলপাইগুড়ি সহ ১৪টি স্টেশন, লামডিং ডিভিশনের অধীনে গুয়াহাটি, কামাখ্যা, লামডিং সহ ১৪টি স্টেশন, আলিপুরদুয়ার ডিভিশনের অধীনে কোকরাঝাড়, নিউ কোচবিহার, নিউ আলিপুরদুয়ার সহ ১৮টি স্টেশন, তিনসুকিয়া ডিভিশনের ডিব্রুগড়, নিউ তিনসুকিয়া, মরিয়নি সহ ১৩টি স্টেশন ও রঙিয়া ডিভিশনের রঙিয়া, গোয়ালপাড়া টাউন, নিউ বঙাইগাঁও সহ ১৬ টি স্টেশন অবৈধ অননুমোদিত হকারভেন্ডরদের কাছ থেকে মুক্ত করা



হয়েছে এবং মুখ্য রেলওয়ে স্টেশনগুলিকে মুক্ত রাখতে ও যাত্রীদের জন্য উন্নতমানের খাদ্য নিশ্চিত করার পাশাপাশি স্বচ্ছ ভারত অভিযানের অংশ হিসেবে রেলওয়ে স্টেশনগুলিতে সর্বজনীন স্বচ্ছতার উন্নয়নের এই প্রচেষ্টা আরপিএক অব্যাহত রাখবে। ট্রেন ও স্টেশন চত্বরগুলিতে অবৈধভাবে ফেরি করা, ধুমপান করা, অপরিষ্কার করা রেলওয়ে আইন, ১৯৮৯-এর যথাক্রমে ধারা ১৪৪ (এ), ধারা ১৬৭ ও ধারা ১৪৫-এর অধীনে নিষিদ্ধ।

শ্রম ও শ্রমিক সংক্রান্ত গোষ্ঠীর দু’দিনের বৈঠক শুরু পাটনায়

পাটনা, ২২ জুন : ভারতের জি- ট্রায়েন্টি সভাপতিত্বে শ্রম ও শ্রমিক সংক্রান্ত গোষ্ঠীর দু’দিনের বৈঠক বৃহস্পতিবার বিহারের পাটনায় শুরু হয়েছে। বিহারের রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আলেকর পাটনার অশোকা কনফারেন্স সেন্টারে এই সম্মেলনের উদ্বোধন করেন। লেবার ট্রায়েন্টি বা এল-২০ গোষ্ঠীর চেয়ারম্যান হিরম্ময় পান্ড্য বলেছেন, শ্রম সংস্কার এবং সামাজিক সুরক্ষার বিভিন্ন বিষয় নিয়ে সম্মেলনে আলোচনা করা হবে। এই বৈঠকে জি-২০ সদস্য এবং অর্গাটি অতিথি দেশের প্রায় ১৫০ জন প্রতিনিধি অংশ নিচ্ছেন। বিহারের রাজ্যপাল এদিন বলেন, আমরা যদি এই বিষয়গুলি নিয়ে ব্যাপকভাবে চিন্তা করি তাহলে আমরা সুবিধাবঞ্চিত শ্রেণির অভিযোগের সমাধান করতে পারব। লেবার ট্রায়েন্টি বা এল-২০ গোষ্ঠীর চেয়ারম্যান হিরম্ময় পান্ড্য আরও বলেন, আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) রিপোর্টে বৈশ্বিক কর্মশক্তিতে নারীদের অংশগ্রহণ বাড়ানোও এজেন্ডা রয়েছে, যা হ্রাস পাচ্ছে।

‘মেট্রো রাইড কলকাতা’ অ্যাপটি ২.৯ লক্ষেরও বেশি যাত্রী ডাউনলোড করেছেন

কলকাতা, ২২ জুন : সেন্টার ফর রেলওয়ে ইনফরমেশন সিস্টেম দ্বারা তৈরি ‘মেট্রো রাইড কলকাতা অ্যাপ’ ব্যবহারকারীদের মধ্যে জনপ্রিয় হয়েছে। যাত্রীরা এই অ্যাপটির প্রশংসা করেছে কারণ এটি খুবই ব্যবহারকারী-বান্ধব এবং এটি ব্যবহারকারীদের QR কোড ভিত্তিক টিকিট বুক করতে বা স্মার্ট কার্ড রিচার্জ করতে সক্ষম করে যেকোন সময় খুব সহজে। যাত্রীরাও এই অ্যাপের মাধ্যমে পছন্দসই এবং দরকারী ডেটা পেতে পারেন। যাত্রীদের সুবিধার জন্য, ‘মেট্রো রাইড কলকাতা’ অ্যাপটি ০৫.০৩.২০২২ তারিখে চালু করা হয়েছিল। ব্যবহারকারীদের মধ্যে এর জনপ্রিয়তা দেখে মেট্রো কর্তৃপক্ষ ইতিমধ্যেই এটিকে একটি ত্রিভাষিক অ্যাপ বানানোর পরিকল্পনা করেছে। সুতরাং, যে যাত্রীরা ইংরেজিতে তেমন দক্ষ নন তারা এর হিন্দি বা বাংলা সংস্করণ ব্যবহার করতে পারবেন। আশা করা হচ্ছে এই উদ্যোগ এই অ্যাপটিকে আরও ব্যবহারকারী বান্ধব ও জনপ্রিয় করে তুলবে। ২১.০৬.২০২৩ পর্যন্ত, গুগল প্লে স্টোর থেকে ৪.৬ রেটিং সহ মোট ২,৯৬,৩২৯ জন যাত্রী এই অ্যাপটি ডাউনলোড করেছেন। এই অ্যাপটি সম্পর্কে আরও যাত্রীদের সচেতন করার জন্য, কীভাবে এই অ্যাপটি ডাউনলোড এবং ব্যবহার করতে হয় সে সম্পর্কে বিশেষ প্রচারমূলক চলচ্চিত্রগুলিও উত্তর-দক্ষিণ এবং পূর্ব-পশ্চিম মেট্রো স্টেশনগুলির প্ল্যাটফর্ম টেলিভিশনগুলিতে দেখানো হচ্ছে। এই অ্যাপটিকে জনপ্রিয় করতে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিও ব্যবহার করা হচ্ছে। মেট্রো কর্মীরা যাত্রীদের গুগল প্লে স্টোর থেকে এই অ্যাপটি ডাউনলোড করতে এবং বিভিন্ন স্টেশনে এটি ব্যবহার করার পদ্ধতি দেখাতে সহায়তা করছেন। এটি মেট্রো যাত্রীদের তাদের সময় বাঁচাতে সাহায্য করছে কারণ তাদের স্মার্ট কার্ড পুনরায় চার্জ করতে বা টোকেন কেনার জন্য বুকিং কাউন্টারের সামনে লম্বা লাইনে দাঁড়াতে হবে না।

হ্যালের সঙ্গে ঐতিহাসিক চুক্তি, বায়ুসেনার জেট ইঞ্জিন তৈরি করবে মার্কিন সংস্থা

ওয়াশিংটন, ২২ জুন : মার্কিন যুক্তরাষ্ট্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর রাষ্ট্রীয় সফর চলাকালীনই প্রতিষ্ঠাক্ষ ক্ষেত্রে দুই দেশের সহযোগিতার প্রস্নে আরও কাছাকাছি এল নয়া দিল্লি এবং ওয়াশিংটন। বৃহস্পতিবার (২২ জুন), জিই অ্যারোস্পেস জানিয়েছে, ভারতীয় বায়ুসেনার যুদ্ধবিমানের জন্য ইঞ্জিন তৈরি করবে তারা। এই বিষয়ে হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড বা হ্যালের সঙ্গে, একটি মউ স্বাক্ষর করেছে আমেরিকার ওহায়ো প্রদেশের সংস্থাটি। চুক্তিতে অনুযায়ী, ভারতে হ্যালের সঙ্গে যৌথভাবে ৭৫৪১৪ ইঞ্জিন উৎপাদন করবে জিই অ্যারোস্পেস। সংস্থাটি জানিয়েছে, এর জন্য প্রয়োজনীয় উপকরণ ভারতে রফতানি করতে মার্কিন সরকারের অনুমোদন দরকার। এটি বিষয়ে বাইডেন সরকারের সঙ্গে আলোচনা চলছে বলে জানিয়েছে জিই অ্যারোস্পেস। হ্যালের পক্ষ থেকে বর্তমানে, মিডিয়াম ওয়েট কমবার্‌ট এয়ারক্রাফ্ট, ডেজেল মার্ক টু তৈরি করা হচ্ছে। সেই প্রকল্পেরই অংশ হিসেবে জিই অ্যারোস্পেসের সঙ্গে এই চুক্তি করল হ্যালা। পুরোনো হয়ে যাওয়ায় এবং কার্যক্ষমতা হারানোয়, জাগুয়ার, মিরাজ, মিগ-২৯-এর মতো ভারতীয় বায়ুসেনার বেশ কিছু যুদ্ধবিমানের বহরকে বসিয়ে দিতে হবে। তার বদলে বায়ুসেনার নতুন যুদ্ধবিমান প্রয়োজন। ফরাসী ডাসল্ট সংস্থার তৈরি রাফাল যুদ্ধবিমানগুলি এর কিছুটা প্রয়োজনীয়তা মেটাতে পারে, তাতেও বাহিনীর পুরো চাহিদা পূর্ণ হবে না। ‘আত্মনির্ভর ভারত’ নীতির অধীনে নয়া যুদ্ধবিমানগুলির ৯০ শতাংশ দেশীয়ভাবে তৈরির লক্ষ্য নেওয়া হয়েছে। সেই লক্ষ্যেই তৈরি করা হচ্ছে তেজস মার্ক টু। তাই, জিই অ্যারোস্পেসের সঙ্গে হ্যালের ইঞ্জিন সংক্রান্ত এই চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। গত কয়েক বছরে প্রতিরক্ষা ক্ষেত্রে আমেরিকার সঙ্গে ঘনিষ্ঠতা ক্রমে বাড়াচ্ছে নয়া দিল্লি। একটা সময় প্রতিরক্ষা আমদানির ক্ষেত্রে ভারত পুরোপুরি রাশিয়ার উপর নির্ভরশীল ছিল। এখন প্রতিরক্ষা ক্ষেত্রে, আমেরিকা, ফ্রান্সের মতো দেশগুলির সঙ্গেও সম্পৃক্ততা বাড়ছে ভারতে। এই মউ স্বাক্ষর, প্রতিরক্ষায় ভারত-মার্কিন বন্ধুত্বের ক্ষেত্রে বড় মাইলফলক হিসেবে দেখা হচ্ছে। এই চুক্তি সম্পর্কে জিই অ্যারোস্পেসের সিইও এইচ নরেশ কান্ন বলেছেন, এটি একটি ঐতিহাসিক চুক্তি। ভারত এবং হ্যালের সঙ্গে আমাদের দীর্ঘদিনের অংশীদারিত্বের কারণেই এই চুক্তি সম্ভব হয়েছে। প্রেসিডেন্ট বাইডেন এবং প্রধানমন্ত্রী মোদী দুজনেই চান যে, দুই দেশের মধ্যে ঘনিষ্ঠ সমন্বয় গড়ে উঠুক। সেই দৃষ্টিভঙ্গির বাস্তবায়নে আমাদেরও একটা বড় ভূমিকা রইল। এর জন্য আমরা গর্বিত। আমাদের এবং ৫৪১৪ ইঞ্জিনগুলি অভুলনীয়। দুই দেশের জন্য অর্থনৈতিক ও জাতীয় নিরাপত্তা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে এই ইঞ্জিন।

সেনার বৈশিষ্ট্য যুদ্ধবন্দীমানের বহরকে বিশেষ দৃষ্টে দিতে হবে। তার বদলে বায়ুসেনার নতুন যুদ্ধবন্দীমান প্রয়োজন। ফরাসী বায়ুসেনা সংস্থার তৈরি রাফাল যুদ্ধবিমানগুলি এর কিছুটা প্রয়োজনীয়তা মেটাতে। তবে, তাতেও বাহিনীর পুরো চাহিদা পূর্ণ হবে না। 'আত্মনির্ভর ভারত' নীতির অধীনে নয়। যুদ্ধবিমানগুলির ৯০ শতাংশ দেশীয়ভাবে তৈরির লক্ষ্য নেওয়া হয়েছে। সেই ইচ্ছেই তৈরি করা হচ্ছে তেজস মার্ক টু। তাই, জিই আরোপেসের সঙ্গে হাঙ্গেরি ইঞ্জিন সংক্রান্ত এই চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। গত কয়েক বছরে প্রতিবন্ধ ক্ষেত্রে আমেরিকার সঙ্গে ঘনিষ্ঠতা ক্রমে বাড়ছে নয়। এটি সময় প্রতিবন্ধ আমদানির ক্ষেত্রে ভারত পুরোপুরি রাশিয়ার উপর নির্ভরশীল ছিল। এখন প্রতিবন্ধ ক্ষেত্রে, আমেরিকা, ফ্রান্সের মতো দেশগুলির সঙ্গেও সম্পৃক্ততা বাড়ছে ভারতের। এই মড সফার, প্রতিবন্ধ ক্ষয় ভারত-মার্কিন বন্ধুত্বের ক্ষেত্রে বড় মাইলফলক হিসেবে দেখা হচ্ছে। এই চুক্তি সম্পর্কে জিই অ্যারোস্পেসের সিও এই লরেন্স সচল বলেছে। এটি একটি ঐতিহাসিক চুক্তি। ভারত এবং হাঙ্গেরি সঙ্গে আমেরিকা দীর্ঘদিনের অংশীদারিত্বের কারণেই এই চুক্তি সম্ভব হয়েছে। প্রেসিডেন্ট বাইডেন এবং প্রধানমন্ত্রী মোদি দুজনের চান যে, দুই দেশের সঙ্গে ঘনিষ্ঠ সম্বন্ধ গড়ে উঠুক। সেই দৃষ্টিভঙ্গির বাস্তবায়নে আমদেরও একটি বড় ভূমিকা রয়েছে। এর জন্য আমরা গর্বিত। আমদের ১৯৪১-৪৯ ইঞ্জিনগুলি অতুলনীয়। দুই দেশের জন্য অর্থনৈতিক ও জাতীয় নিরাপত্তা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে এই ইঞ্জিন।	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
 	
</	

এ বার নির্বাচক প্রধান হওয়ার দায়িত্বও কি প্রত্যাখান করবেন বীরু?

নয়াদিল্লি, ২২ জুনঃ ভারতীয় দলের বর্তমান কোচ রাহুল দ্রাবিড। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে ভারতের ব্যর্থতার পর অনেকেই দাবি তুলেছিল, কোচের দায়িত্ব থেকে দ্রাবিডকে সরানোর সময় এসেছে। রাহুলের পর বিরাট-রোহিতদের নতুন কোচ কে হতে পারেন? এই নিয়ে ক্রিকেট মহলে আলোচনা চলছে। চেনে শর্মা এখন আর বিসিসিআইয়ের প্রধান নির্বাচকের দায়িত্বে নেই। আপাতত অদ্বর্তী প্রধান নির্বাচকের দায়িত্বে রয়েছেন শিব সুন্দর দাস। এই পরিস্থিতিতে বিসিসিআই ভারতের নির্বাচন কমিটির প্রধানের পোঁজে রয়েছে সুব্রের খরর, প্রাক্তন ভারতীয় তারকা ক্রিকেটার বীরেন্দ্র শেহওয়াগকে মুখ্য নির্বাচক পদে বসতে পারেন। এই পরিস্থিতিতে বোর্ডের এক কর্তা জানিয়েছেন, অতীতে এক সময় শেহওয়াগকে ভারতের হেড কোচ হওয়ার প্রস্তাব দেওয়া হয়েছিল। বিসিসিআইয়ের ওই কর্তার মতে, “সিওএ-র সময় বীরেন্দ্র শেহওয়াগকে হেড কোচের পদের জন্য আবেদন করতে বলা হয়েছিল। এরপর ওই প্রস্তাবটি যায় অনিল কুন্হলের কাছে। আমার মনে হয় না তিনি নির্বাচকের পদে আবেদন করবেন। স্যালারি প্যাকেজও ততটা নজরকাটা নয়। তবে মানের কথা বললে শুধুমাত্র বীরুই উত্তরাঞ্চল থেকে নির্বাচক পদের জন্য যোগ্য।”

২০২৪ কোপা আমেরিকায় আর্জেন্টিনার জার্সির ছবি ফাঁস



বুয়েনোস আইরেস, ২২ জুনঃ কোপা আমেরিকা শুরু হবে আগামী বছরের জুনে। ২০ জুন থেকে যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হবে এই টুর্নামেন্ট। তার প্রায় এক বছর আগেই এই টুর্নামেন্টে আর্জেন্টিনা দলের ‘হোম জার্সি’র ছবি ফাঁস করেছে ফুটবল খেলার সরঞ্জাম এবং বিভিন্ন দলের কির্টিভিকি ওয়েবসাইট ‘ফুটি হেডলাইনস’। আর্জেন্টিনার সংবাদমাধ্যম ‘মুদো আলবিসেসেলেস্তে’ ফুটি হেডলাইনসের বরাত দিয়ে খবরটি জানিয়েছে। আর্জেন্টিনা দলের জার্সির স্পনসর অ্যাডিডাস। জার্মানির ক্রীড়া সরঞ্জাম প্রস্তুতকারক এই প্রতিষ্ঠান সমর্যমতো কোপা আমেরিকায় আর্জেন্টিনার জার্সি প্রকাশ করবে। কিন্তু তার আগেই জার্সির ছবির ফাঁস করে ফুটি হেডলাইনস জানিয়েছে, এই জার্সির তিন তারকা লোগোয় পরিবর্তন আসছে। আর্জেন্টিনা যেহেতু তিনবার বিশ্বকাপ জিতেছে তাই জার্সিতে তিন তারকা লোগো ব্যবহার হয়। ব্রাজিল যেমন পাঁচবার চ্যাম্পিয়ন হওয়ায় তাদের জার্সিতে পাঁচটি তারকা ব্যবহার করা হয়। সে যাই হোক, ফুটি হেডলাইনসের প্রকাশ করা ছবিতে দেখা গেছে জার্সিতে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের (এএফএ) ব্যাজ, অ্যাডিডাসের লোগো ও তিন তারকা সোনালি রঙের। গত ডিসেম্বরে কাতারে বিশ্বকাপ জয়ের পর প্রথম তিন তারকা জার্সি ব্যবহার করেছে আর্জেন্টিনা। তখন জার্সির তিন তারকা লোগোয় মায়ের তারকাটি একটি ওপরে ছিল। কোপা আমেরিকার জার্সিতে মায়ের তারকা একটি নিচে নামানো হয়েছে। এ ছাড়া সোনালি রঙের লোগো ব্যবহার করা হয়েছে ২০২১ কোপা আমেরিকা ও ২০২২ বিশ্বকাপ জয়ের জন্য। এটা তো কোচ জার্সি সম্পৃখতা। পেছনের ডিজাইন কেমন তা এখনো জানা যায়নি। তবে জার্সির পেছনে লেখাগুলো সোনালি হবে বলে ধারণা করেছে ফুটি হেডলাইনস। বিশ্বকাপ জয়ের পর চন্মননে মেজাজে আছে আর্জেন্টিনা দল। এ পর্যন্ত চার ম্যাচের সবগুলোই জিতেছে লিওনেল মেসি। এর মধ্যে একটি ম্যাচেও গোল হজম করেনি আর্জেন্টিনা। গত ১৯ জুন ইন্দোনেশিয়ার বিপক্ষে প্রীতি ম্যাচ ২-০ গোলে জেতে বিশ্ব চ্যাম্পিয়নরা। তার আগে অস্ট্রেলিয়াকে ২-০, কুরাসাওকে ৭-০ ও পানামাকে ২-০ গোলে হারায় আর্জেন্টিনা।

হাট্টর চোটে কি অবসরই নিয়ে ফেলবেন সুয়ারেজ

মন্টেলভিডিও, ২২ জুনঃ হাট্টর সমন্ব্য অসহনীয় হয়ে উঠেছে লুইস সুয়ারেজের জন্য। এমনিতেই হাট্টর এই সমস্যায় কেরিয়ারের বেশ ভুগেছেন উরুগুয়েন স্ট্রাইকার। তবে এখন ব্যথার সঙ্গে আর পেরে উঠছেন না। ব্রাজিলীয় পত্রিকা জিজেডএইচ এসপোর্তেস জানিয়েছে দীর্ঘদিন ধরে আত্মপিসে আক্রান্ত উরুগুয়ান তারকা। সে জন্য নাকি অবসর নিয়ে ফেলার কথাই ভাবছেন প্রাক্তন এই বার্সেলোনা তারকা। পত্রিকায়



লিখেছে, সুয়ারেজ এরই মধ্যে তাঁর ব্রাজিলের ক্লাব প্রেমিওর সঙ্গে সম্ভাব্য অবসর নিয়ে কথা বলেছেন। হাট্টর সমস্যাতা তাকে খুব ভোগাচ্ছে। তা ছাড়া তিনি পরিবারকেও এখন অনেক বেশি সময় দিতে চান। এদিকে প্রেমিওর সভাপতি আলবার্তো গুয়েরার বরাত দিয়ে আর্জেন্টাইন সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্ট জানিয়েছে, সুয়ারেজের হাট্টর চোট এখন গুরুতর আকারে ছড়িয়ে পড়েছে। গুয়েরা বলেছেন, “সত্যিই সুয়ারেজের হাট্টর অবস্থা খুবই গুরুতর। অবস্থা এমন দুর্ভেদ্য যে তারকে অনেক ইনজেকশন ও ওষুধ খেয়ে খেলতে হচ্ছে। কিন্তু এটা কত দিন, আমরা জানি না। কিন্তু ওষুধ খাওয়ার পরও তাঁর ব্যথা পাচ্ছে না।”

৪ জুলাই মিলন মেলায় এমিলিয়ানো মার্টিনেজ

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ জুনঃ আর মাত্র কয়েকটা দিনের অপেক্ষা। তিলোত্তমা রাঙাতে আসছেন বিশ্বকাপজয়ী গোলকিপার এমিলিয়ানো মার্টিনেজ। ৪ জুলাই তিলোত্তমায় আসার কথা এমির। ক্রীড়া উদ্যোগপতি শতদ্রু দত্তের উদ্যোগেই কলকাতায় আসছেন এলএম টেনের সতীর্থ। এতদিন সকলেই জানতেন, মোহনবাগান ক্লাবে যাবেন ডিবু। এ বার ফুটবল ভক্তদের জন্য সুখবর। ৪ জুলাই মিলন মেলা প্রাক্তনে থাকছেন ডিবু। যে কেউ বিশ্বকাপজয়ী গোলকিপারকে সেখানে দেখতে যেতে পারবেন। কারণ, মিলন মেলা প্রাক্তনে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে উদ্যোক্তারা। ৪ জুলাই কীভাবে দেখবেন ডিবুকে? আসলে মিলন মেলা প্রাক্তনে একটি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ডিবু। সেই অনুষ্ঠানটি দুপুর ১২.৩০ নাগাদ শুরু হওয়ার কথা। যারা সেই অনুষ্ঠানে এমিকে সামনে থেকে দেখতে চান তাদের জন্য পেটিএমে রয়েছে বিশেষ টিকিটের ব্যবস্থা। এমির দর্শন পাওয়ার জন্য ১৯৯ টাকা থেকে ১ লক্ষ ২৫ হাজার টাকা অবধি বিভিন্ন ক্যাটাগরির টিকিট রয়েছে। পেটিএম ইনসাইডারে মিলন মেলা প্রাক্তনে এমিকে দেখতে পাওয়ার



জন্ম ৬ ভাগে টিকিটের দাম ভাগ করা হয়েছে। এক বলকে দেখে নিন কোন বিভাগে কত টাকায় পাওয়া যাচ্ছে এমি দর্শনের টিকিট-(১) ব্রোঞ্জ সুপার লাইট-এই বিভাগে প্রতি টিকিটের দাম রাখা হয়েছে ১৯৯ টাকা। ওই অনুষ্ঠানে এটাই সর্বনিম্ন মূল্যের টিকিট। (২) ব্রোঞ্জ লাইট-এই বিভাগের প্রতি টিকিটের মূল্য ৪৯৯ টাকা। (৩) গোল্ড-এই বিভাগের প্রত্যেক টিকিটের মূল্য

৪০০০ টাকা। অনুষ্ঠান দেখার সুযোগ পাওয়ার পাশাপাশি এই টিকিট কটিলে লাঞ্চও পাবেন দর্শকরা। সঙ্গে থাকবে ডিবুর অটোগ্রাফ করা জার্সিও। (৪) সুপার গোল্ড-এই বিভাগে প্রতিটি টিকিটের মূল্য ২৫ হাজার টাকা। তাতে ছয় জনের এক টেবলে ৪ জনকে প্রবেশ করতে দেওয়া হবে। এখানে ডিবুর অটোগ্রাফ দেওয়া জার্সি পাবেন দর্শকরা। সঙ্গে থাকছে লাঞ্চ ও এমির সঙ্গে দেখা করার সুযোগ। (৫) প্ল্যাটিনাম লাইট-এই বিভাগের প্রতিটি টিকিটের দাম ৬০ হাজার টাকা। দু’জন দর্শক গ্র্যান্ড এন্ট্রি করতে পারবেন। লাঞ্চ, ডিবুর সই করা জার্সির পাশাপাশি এই ক্যাটাগরির টিকিট কটিলে এমির সঙ্গে ছবি তোলারও সুযোগ থাকছে। (৬) প্ল্যাটিনাম-ডিবুর সঙ্গে দেখা করার জন্য সবচেয়ে বেশি দামি যে টিকিট সেটি হল প্ল্যাটিনাম বিভাগে। এখানে একটি টিকিটের মূল্য ১ লক্ষ ২৫ হাজার টাকা। এই বিভাগের যারা টিকিট কটিবেন তাদের ডিবুর সই করা বিশেষ জার্সি দেওয়া হবে। সঙ্গে থাকছে লাঞ্চ। এবং এই টিকিট কটালে মার্টিনেজের সঙ্গে সরাসরি সাক্ষাতের পর ছবি তোলার সুযোগ থাকবে।

ব্যবসায় বিনিয়োগ এই প্রথম নয়। শাহরুখ খান, প্রীতি জিন্টা বা শিল্পা শেট্টির পর সেই তালিকায় যোগ দিলেন সঞ্জয় দত্ত। জিম আলফ্রে টি ১০ টুর্নামেন্টের দল হারারে হারিকেনের অন্যতম মালিক এখন বলিউড তারকা।

যত দিন নাদাল আছেন, জকোভিচকে ‘সর্বকালের সেরা’ বলতে চান না ফেডেরার

জরিখ, ২২ জুনঃ এমন কীর্তির পর কথাটা উঠতেই পারে। কিছুদিন আগেই কেরিয়ারের ২৬তম গ্র্যান্ড স্লাম জিতেছেন সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচ। পুরুষ এককে গ্র্যান্ড স্লাম জয়ে সবথেকে ছাড়িয়ে গেছেন তিনি। অনেকেই তাকে বলছেন সর্বকালের সেরা টেনিস খেলোয়াড়। জকোভিচের কীর্তিগুলো যে যেকোনো তারকার জন্যই ঈর্ষণীয়। বছরের চারটি গ্র্যান্ড স্লামই (উইম্বলডন, ইউএস ওপেন, অস্ট্রেলিয়ান ওপেন, ফ্রেঞ্চ ওপেন) জিতেছেন অন্তত তিনবার করে। এসব দেখে কেউ যদি তাঁকে সর্বকালের সেরা বলেও ফেলেন, তাহলে তাঁকে খুব একটা দোষ দেওয়া যায় না। কিন্তু আরেক কিংবদন্তি রজার ফেডেরার কী ভাবছেন এ ব্যাপারে? সুইস তারকার অবস্থা এ নিয়ে খানিকটা ভিন্নমতই আছে। ফেডেরার মনে করেন, যত দিন রাফায়েল নাদাল আছেন, মানে তিনি খেলা চালিয়ে যাবেন, তত দিন জকোভিচকে ‘সর্বকালের সেরা’ বলার সুযোগ নেই। রজার ফেডেরার, রাফায়েল নাদাল আর নোভাক জকোভিচ-তিনজনই প্রায় সমসাময়িক। তবে জকোভিচের আবির্ভাব বংগ একটি পরে। ফেডেরার জিতেছেন ২০ গ্র্যান্ড স্লাম, নাদাল ২২। কিছুদিন আগেই ফ্রেঞ্চ ওপেন জিতে নাদালকে ছাড়িয়ে গেছেন জকোভিচ। ফেডেরার ছিলেন প্রথম পুরুষ টেনিস খেলোয়াড়, যিনি ১৪টি গ্র্যান্ড স্লাম জিতেছিলেন। সেরা তাঁরা তিনজনই। কিন্তু সর্বকালের সেরা বেছে নিতে গেলে বিতর্ক হতেই পারে। ফেডেরার অবস্থা এই বিতর্কে নিজেকে আনতেই চাননি। সুইস পত্রিকা তাভেস-অ্যানজেইজারকে দেওয়া এক



হয় সংবর্ধনা। টুর্নামেন্টের ফাইনালের দিটিকে ঘোষণা করা হয় ‘রজার ফেডেরার দিবস’। হালে ওপেনেরও সেরা খেলোয়াড় ফেডেরার। কেরিয়ারে এই টুর্নামেন্ট জিতেছেন ১০ বার। সংবর্ধনার পর আয়োজিত এক সংবাদ সম্মেলনেও তাঁকে নাদাল আর জকোভিচকে নিয়ে কথা বলতে হয়েছে। সেখানেই তিনি জানান নাদাল আর জকোভিচকে সব সময়ই নিজের দারুণ প্রতিদ্বন্দ্বী মনে করছেন, ‘সত্যি কথা বলতে কি, আমি সব সময়ই নিজেকে এদের সঙ্গের সঙ্গে ‘নাদাল আর জকোভিচ’ তুলনা করছি। তাদের প্রতিদ্বন্দ্বী ভেবেছি। এ দুজন আমার দুই শ্রেষ্ঠ প্রতিদ্বন্দ্বী। আমি আগেও বহুবার বলেছি, এ দুজনের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতাই আমাকে একজন সফল টেনিস খেলোয়াড়ে পরিণত করেছে। আমি যা যা অর্জন করেছি, সবই সম্ভব হয়েছে নাদাল আর জকোভিচের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা থেকে।’

সন্তানসম্ভবা প্রেমিকার বিশ্বাসভঙ্গ? ইনস্টাগ্রামে ক্ষমা চাইলেন নেইমার

দুরন্ত বার্তা প্রতিবেদন

সন্তানসম্ভবা প্রেমিকা ব্রনা বিয়ানকার্পিকে ইনস্টাগ্রামে একটি খোলা চিঠি লিখেছেন নেইমার। সেই চিঠিতে তিনি ক্ষমা চেয়েছেন বিয়ানকার্পির কাছে। কেন? ঘটনাটা খুলে বলা যাক। ব্রাজিলিয়ান সংবাদকর্মী এরলান বাস্তোস গত মঙ্গলবার নেইমারকে নিয়ে একটি গুঞ্জনর কথা জানান। ডিজিটাল প্রাক্টিফর্মের ইনফ্লুয়েন্সার ফের্নান্দো কাস্পোসের সঙ্গে নাকি প্রেম করছেন নেইমার। বাস্তোস আরও দাবি করেন, ব্রনার সঙ্গে সম্পর্ক নিয়ে একটি ‘চুক্তি’ আছে নেইমারের। পিএসজি তারকা চাইলে অন্য কারও সঙ্গে প্রেম করতে পারবেন। কিন্তু ব্রনা বিয়ানকার্পি এই দাবি অস্বীকার করে বাস্তোসের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার হুমকি দিয়েছিলেন। ঘটনটা অনেক দূর এগিয়ে যাওয়ার পর ইনস্টাগ্রামে খোলা চিঠিটি পোস্ট করেন নেইমার। প্রেমিকা বিয়ানকার্পির সঙ্গে তিনি যে ঠিক কাজ করেননি, সেটাই স্বীকার করেছেন চিঠিতে, ‘ব্রনা আমি এটা তোমাদের (বিয়ানকার্পি এবং সন্তান) জন্য করছি। অসমর্থনীয় বিষয়কে যৌক্তিক বানায়ের চেষ্টা করছি। এটা করার প্রয়োজন ছিল না। কিন্তু তোমাকে আমার জীবনে প্রয়োজন। আমি জানি, এসব ঘটনায় তুমি কতটা ভুগছ এবং কতটা আমার পাশে থাকতে চাও। আমিও তোমার




পাশে আছি। আমি ভুল করেছি। তোমার সঙ্গে ঠিক কাজটা করিনি।’ নেইমারের চিঠির এই প্রথম অংশটুকু পড়ে অস্পষ্ট করে নেওয়া যায় এরলান বাস্তোসের দাবি সম্ভবত ঠিক বলেও হতে পারে। এ নিয়ে বিতর্ক লেগে হওয়ার পর নেইমার সম্ভবত অনুশোচনাবোধ থেকে এই চিঠি পোস্ট করেছেন ইনস্টাগ্রামে। চিঠির বাকি অংশে ব্রাজিলিয়ান ফরোয়ার্ড লিখেছেন, ‘বলতে ভয় নেই, আমি প্রতিদ্বন্দ্বিতা ভুলে করি। সেটা মাঠ ও মাঠের বাইরে। কিন্তু ব্যক্তিগত জীবনের ভুলগুলো আমি ঘরে বসে পরিবার ও বন্ধুদের সঙ্গে

নিয়ে ঠিক করি। আর এ সবকিছুই আমার জীবনে অন্যতম বিশেষ মানুষটির জন্য। আর সেই মানুষটি আমার স্বপ্নের নারী, আমার সন্তানের মা। বিষয়টি তার পরিবারকে ক্ষতিগ্রস্ত করেছে, যা এখন আমার পরিবারও। ফের্নান্দো কাস্পোসের সঙ্গে সংবাদমাধ্যমে নেইমারের প্রেমের গুঞ্জন চলছে। এ কারণে নিজেকে ভাবমূর্তি যে ক্ষতিগ্রস্ত হচ্ছে, সেটা বোঝেন নেইমার। আর তাই সে জন্যও ক্ষমা চেয়েছেন, ‘ব্রনা নিজের ভুলের জন্য আমি আগেই ক্ষমা চেয়েছি। অকারণে যে গুঞ্জন চলছে সে জন্য।

আইপিএল থেকে অবসর কবে? ধোনিকে নিয়ে বড় ইঙ্গিত চেন্নাই কর্তার

চেন্নাই, ২২ জুনঃ বিয়ার্লিশেও আগুন রয়েছে। থিমে রয়েছে খেলার। এ বারের আইপিএলে প্রমাণ করেছেন। তাতেও যে থামছে না প্রশ্ন। মহেন্দ্রে সিং ধোনি সদ্য শেষ হওয়া আইপিএলে সবচেয়ে চর্চিত ক্রিকেটার ছিলেন। চেন্নাই সুপার কিংসকে চ্যাম্পিয়ন করানোর পাশাপাশি নিজেকেও মেলে ধরেছিলেন। ব্যাট হাতে হোক আর উইকেটের পিছনে, এখনও ধোনির বিকল্প খুঁজে পাওয়া মুশকিল। হাট্টির চোট নিয়ে খেলেছেন পুরো টুর্নামেন্ট। আইপিএল শেষ হওয়ার পর হাট্টির অস্ত্রোপচার হয়েছে। কিন্তু ধোনি কি আবার কিংিং গ্রান্ডস মাদির। আপাতত বিশ্রামে সময় লাগবে। কাফি ব্যাট হাতে মাঠে নামবেন? দেখ তো বট্টাই, সারা ক্রিকেট দুনিয়া জুড়ে তাঁর অংখ্যা ভক্ত। তাঁরা চান, ধোনি অন্তত আর একটা আইপিএল খেলুন। ঘনিষ্ঠ মহলের বক্তব্য, ধোনি জেজেও নাকি চাইছেন আগামী আইপিএলে খেলতো। এই পরিস্থিতি সিএসকেসর সিইও কাশী বিশ্বনাথনের মন্তব্য জল্পনা বাড়িয়ে দিয়েছে। ২০০৮ সালে থেকে কাশী সুপার কিংসে খেলছেন ধোনি। পাঁচবার আইপিএল জিতিয়েছেন ঠিকানা ভবিষ্যতে দিকে তাকিয়ে ধোনির বিকল্প কি খুঁজে পেয়েছে সিএসকে? তা অবশ্য বলা যাচ্ছে না। ধোনি সরে গেলে নতুন নেতা কে হবেন, তা পরিপ্লব নয়। এর মধ্যে কাশী বলে দিচ্ছেন, “ধোনি খুব ভালো করে জানে, আগামী দিনে ওকে কী করতে হবে।” কাশী যা বলছেন, তা নিয়ে কোনও সন্দেহ নেই। ধোনি নিজের ছদ্মেই এগিয়েছেন বরাবর। দেশের হয়ে কবে অবসর নেন, এই প্রশ্ন এক সময় প্রবল ভাবে দেখা দিয়েছিল। ২০১৯ সালে আইপিএলের ট্রেনিং ক্যাম্প চলাকালীন হঠাৎই অবসর ঘোষণা করে দিয়েছিলেন মাছি। ঠিক সে ভাবেই আচমকা ছেড়ে দিয়েছিলেন টেস্টের ক্যাপ্টেন্সি। আইপিএলের ক্ষেত্রেও তাই হয়তো করবেন। সবাই যখন ধরে নেন, ধোনি আরও খেলতে চান, তখনই সবথেকে চাক্রে দিলে সরে দাঁড়বেন আইপিএল থেকে। তাই ধোনিকে নিয়ে আগাম কিছু বলা খুব মুশকিল। কাশী অবশ্য একই সঙ্গে বলছেন, “ধোনি যদি আইপিএল থেকে অবসর সংক্রান্ত কোনও সিদ্ধান্ত নেয়, ও সরাসরি টিমের মালিক এন শ্রীনিবাসনের সঙ্গে কথা বলবে। এটাও ভুলে গেলে চলবে না, চেন্নাইয়ের সঙ্গে ওর ২০০৮ সাল থেকে সম্পর্ক। সেই সম্পর্ক আগামী দিনেও থাকবে, এটা বলতে কোনও দ্বিধা নেই।” ধোনি মাঠে থাকলে সারা গ্যালারি তাকে নিয়েই মেতে থাকে। কিন্তু ধোনি যদি আর প্লেনার না থাকেন, একই রকম উদ্দামতা দেখাবেন সমর্থকরা? প্রাক্তনদের তালিকাভুক্ত ক্রিকেটারদের নিয়ে শ্রদ্ধা থাকে, কিন্তু উদ্দামতা থাকে না। সচিন তেড্ডেকর, সৌরভ গঙ্গাধরায়ের মতো ধোনি ডগআউটে বসলে কি তাই হবে?

মেজর লিগ সকার কেমন মেসিকে বুঝিয়ে দিলেন বেল



লস অ্যাঞ্জেলেস, ২২ জুনঃ লিওনেল মেসি যেদিন মেজর লিগ সকারের দল ইন্টার মায়ামিতে যোগ দেওয়ার ঘোষণা করলেন, সেদিনই তাঁর পুরোনো ক্লাব বার্সেলোনার বিবৃতিতে ছিল এক ধরনের খোঁচা। বার্সা মেসিকে অভিনন্দন জানিয়ে বলেছিল, তিনি ‘তুলনামূলক কম চাপের’ লিগে খেলতে যাচ্ছেন। এটা তো ঠিক, ইউরোপের শীর্ষ লিগগুলোর তুলনায় যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারে প্রত্যাশার চাপটা অনেক কম। ইউরোপের লিগগুলোর তুলনায় মেজর লিগ কম গুরুত্বপূর্ণও। মেসি বিশ্ব ফুটবলের সর্বোচ্চ পর্ষায় খেলে সম্ভব-অসম্ভব প্রায় সবকিছুই অর্জন করেছেন। দেশকে জিতিয়েছেন বিশ্বকাপ শিরোপা। বয়স হয়ে গেছে ৩৬। এখন তিনি কেরিয়ারের বাকিটা সময় যে তুলনামূলক কম চাপ নিয়ে, আনন্দ নিয়ে খেলে যেতে চান, সেটি তাঁর সিদ্ধান্তেই বোঝা যাচ্ছে। মেজর লিগে মেসি একই যাননি। অতীত-বর্তমান মিলিয়ে বিশ্ব ফুটবলের অনেক বড় তারকাই যুক্তরাষ্ট্রের লিগে কেরিয়ারের শেষ সময়টা কাটিয়েছেন, কাটাচ্ছেন। তাদের মধ্যে আছেন প্রাক্তন ওয়েলশ ফরোয়ার্ড গ্যারেথ বেল। বিটি স্পোর্টসকে মেজর লিগ নিয়ে রিয়াল মাদ্রিদ ও টটেনহাম হটস্পারের প্রাক্তন এই তারকা নিজের অভিমত দিয়েছেন। বেল মেজর লিগে লস অ্যাঞ্জেলেস এফসির হয়ে প্রথম খেলেছেন ২০২২ সালে। যুক্তরাষ্ট্রে প্রথম মরসুমটা ভালোই কেটেছে তাঁর। লস অ্যাঞ্জেলেসকে উপহার দিয়েছেন তাদের ইতিহাসের প্রথম মেজর লিগ শিরোপা। বিটি স্পোর্টস তার কাছে জানতে চেয়েছিল মেজর লিগের বিভিন্ন দিক নিয়ে। প্রাক্তন ওয়েলস তারকা মেজর লিগের উদ্ভূসিত প্রংশসা যে করেছেন, ব্যাপারটা এমন নয়। তবে কিছু মতামত দিয়েছেন, যেটি ইন্টার মায়ামিতে খেলতে যাওয়ার আগে মেসির জন্য খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। মেজর লিগ নিয়ে বেলের মূল্যায়ন, “এই লিগ খুবই ঠান্ডা।” তিনি মনে করেন যুক্তরাষ্ট্রের লিগের পরিবেশ দুনিয়ার অনেক ফুটবল লিগের চেয়ে অনেকটাই টিলোচাল। এই ‘ঠান্ডা’ লিগের ব্যাখ্যা দিয়েছেন বেল, “‘রিয়াদ মাদ্রিদের হয়ে যদি আপনি ম্যাচ করেন, তাহলে ব্যাপারটা এমন হয়ে যায়, যেন আপনি গোটা দুনিয়াটাই হারিয়েছেন। দুনিয়াটাই শেষ হয়ে গেছে। আপনাকে রীতিমতো ছিঁড়ে ফেলা হবে। আপনি ম্যাচ হেরে সেখানে বাড়ি ফিরবেন চাপ নিয়ে। মন খারাপের অনুভূতি নিয়ে। তবে যুক্তরাষ্ট্রে হারটাকে খুবই স্বাভাবিকভাবে দেখা হয়। কোনো খারাপ পরিণতি নেই। মেজর লিগে অবনমন বলেই তো কিছু নেই।” তবে কি এই মন্তব্য মেজর লিগকে কিছুটা ছোট্টই করলেন বেল! এ নিয়ে কোনো প্রতিক্রিয়া হয়তো হচ্ছে না, তবে এটাও ঠিক, বেল যা বলেছেন, সেটি যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের খুব ভালো বিজ্ঞাপন নয়। মেজর লিগ নিয়ে এই সমালোচনা আগেও ছিল। এতে অবনমনের কোনো বিষয় নেই। একটা মরসুমে কোনো দল যতই খারাপ খেলুক, হারের পর হারের মুখোমুখি হোক, তাতে কিছু যায় আসে না। সেই হার হয়তো লিগের পরেষ্ট তালিকায় প্রভাব রাখবে, কিন্তু ক্লাব নিচের সারিতে নেমে যাওয়ার ঝুঁকির মুখে কখনোই পড়বে না। পৃথিবীর প্রায় সব দেশের ফুটবল লিগে রেলিগেশন বা অবনমনের ব্যাপারটি আছে। বেশির ভাগ দেশেই লিগের পরেষ্ট তালিকার একবারে নিচে থাকা দুটি দল নিচু সারির লিগে নেমে যায়। নিচু সারি থেকে দল ওঠে সর্বোচ্চ পর্যায়, এভাবেই লিগগুলোতে শুধু শিরোপা নয়, অবস্থান নিয়েও লড়াই চলে। ইংলিশ প্রিমিয়ার লিগ, স্প্যানিশ লা লিগা, বুন্ডেস লিগা-সব জায়গাতেই শিরোপার লড়াইয়ের মতোই জমজমাট অবনমন ঠেকানোর লড়াইও। বেলের আরও একটি জিনিস খুবই ভালো লেগেছে, সেটি মেজর লিগের দলগুলোর ‘জয় উদযাপন’। তিনি মনে করেন, তারা যেমন হারতে জানে, হার মেনে নিতে জানে, ঠিক তেমনি তাদের জয়ের উদযাপনটাও উদ্দাম। “তাদের কাছে প্রতিটি জয়ই মূল্যবান। তারা যেমন হার সহজভাবে মেনে নেয়, ঠিক তেমনি প্রতিটি জয় এমনভাবে উদযাপন করে, যেন তারা কোনো বড় শিরোপা জিতেছে। ব্যাপারটা আমার ভালো লাগে।” লস অ্যাঞ্জেলেস এফসির হয়ে মেজর লিগে ১৩টি ম্যাচ খেলে ৩ গোল করেছেন। এর মধ্যে একটি গোল ছিল চ্যাম্পিয়নশিপ ম্যাচে শেষ মুহূর্তে করা মহাগুরুত্বপূর্ণ এক গোল। ২০২২ বিশ্বকাপের পর বেল আন্তর্জাতিক ও পেশাদার ফুটবল থেকে সরে দাঁড়ান। মেসির সঙ্গে পিএসজির চুক্তি শেষ হয়ে যাচ্ছে আগামী ৬০ জুন। তাঁর সম্ভাব্য গন্তব্যের তালিকায় বার্সেলোনা ও সৌদি আরবের ক্লাব আল হিলালের নাম থাকলেও তিনি শেষ পর্যন্ত ইন্টার মায়ামিতে খেলার কথা জানিয়েছেন।

